# বাংলা দ্বিতীয় পত্র

মডেল টেস্ট- ০১

## রাজউক উত্তরা মডেল কলেজ, ঢাকা

### বাংলা দ্বিতীয় পত্র : বহুনির্বাচনি অভীক্ষা

বিষয় কোড : 1 0 2

সময় : ৩০ মিনিট

পূর্ণমান : ৩০

[দ্রষ্টব্য : সরবরাহকৃত নৈর্ব্যক্তিক অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. বাক্যের প্রথম অংশের কোনো উক্তিকে দ্বিতীয় অংশে ব্যাখ্যা করার জন্য কোন যতিচিহ্ন ব্যবহার করা হয়?**
ⓚ ড্যাশ ⓚ কোলন ⓖ হাইফেন ⓖ সেমিকোলন

**২. কোমল তালু ও জিহ্বামূলের স্পর্শে উচ্চারিত হয়–**
ক তালব্য ধ্বনি খ নাসিক্য ধ্বনি গ কণ্ঠ্যধ্বনি ঘ মূর্ধন্য ধ্বনি

**৩. কোনো ব্যঞ্জনের সঙ্গে কারবর্ণ বা হস্‌চিহ্ন না থাকলে ব্যঞ্জনটির সঙ্গে কোন ধ্বনি আছে বলে ধরে নেওয়া হয়?**
ক [অ] খ [আ] গ [ই] ঘ [উ]

**৪. বাংলা ভাষায় অর্ধস্বরধ্বনির সংখ্যা কতটি?**
ক দুইটি খ তিনটি গ চারটি ঘ পাঁচটি

**৫. নিচের কোনগুলো ঘোষ ব্যঞ্জন?**
ক স, ট খ শ, ক গ ত, থ ঘ ঙ, হ

**৬. 'উনবিংশ' শব্দের উচ্চারণ–**
ক উনোবিংশ খ উনোবিঙ্‌শো গ উনবিঙ্‌শো ঘ উনোবিঙ্‌শ

**৭. 'অন্ন' শব্দের দ্বারা 'ভাত' বোঝালে অর্থের কী ধরনের পরিবর্তন হয়?**
ক অর্থের উন্নতি খ অর্থ-বদল গ অর্থসংকোচ ঘ অর্থপ্রসার

**৮. 'ভিন্ন' অর্থ প্রকাশ করছে নিচের কোন উপসর্গ যুক্ত শব্দটি?**
ক আখাম্বা খ নিস্তরঙ্গা গ কতবেল ঘ বিভূঁই

**৯. নিচের কোনটি কৃদন্ত শব্দের উদাহরণ?**
ক খোঁজারু খ শৈশব গ দীঘল ঘ পঙ্কিল

**১০. নিচের কোনটি অলুক বহুব্রীহি সমাসের উদাহরণ?**
ক একগুঁয়ে খ গোঁফখেজুরে গ চিরুনদাঁতি ঘ গায়েপড়া

**১১. নিচের কোনটিতে বিসর্গ 'র' হয়ে গেছে?**
ক তিরোধান খ আশীর্বাদ গ নীরব ঘ নীরোগ

**১২. গুণ-বিশেষ্যের উদাহরণ কোনটি?**
ক পর্বত খ বাহিনী গ গুরুত্ব ঘ বই

**১৩. 'স্বয়ং' কোন সর্বনামের উদাহরণ?**
ক আত্মবাচক খ সাপেক্ষ গ পারস্পরিক ঘ ব্যক্তিবাচক

**১৪. যেসব বিশেষণ বাক্যের অন্তর্গত অন্য বিশেষণকে বিশেষিত করে, সেসব বিশেষণকে বলে–**
ক গুণবাচক বিশেষণ খ পূরণবাচক বিশেষণ
গ ভাববাচক বিশেষণ ঘ বিধেয় বিশেষণ

**১৫. নিচের কোনটি ভাবী অসমাপিকা ক্রিয়ার উদাহরণ?**
ক সে গান করে আনন্দ পায় খ সে গান শিখতে রাজশাহী যায়
গ গান করলে তার মন ভালো হয়
ঘ ভালো করে পড়াশোনা করলে ভালো ফল হবে

**১৬. তাকে কোথাও খুঁজে পাওয়া যাচ্ছে না– বাক্যটিতে কোন ধরনের ক্রিয়া বিশেষণ ব্যবহৃত হয়েছে?**
ক ধরনবাচক খ কালবাচক গ স্থানবাচক ঘ পদাণু

**১৭. সাধারণ অনুসর্গের উদাহরণ কোনটি?**
ক থেকে খ দিয়ে গ বলে ঘ কাছে

**১৮. নিচের কোনটি বিরোধ যোজকের উদাহরণ?**
ক যদি রোদ ওঠে; তবে রওনা দেব।
খ চা না-খেয়ে কফি খান।
গ তাকে আসতে বললাম, তবু এল না।
ঘ বসার সময় নেই, তাই যেতে হচ্ছে।

**১৯. -টা/-টি নির্দেশকের রূপান্তর–**
ক -টুকু খ -টে গ -টুক ঘ -টু

**২০. 'বচন' হলো–**
ক সংখ্যা ধারণা খ গণনার ধারণা
গ বস্তুর ধারণা ঘ কালের ধারণা

**২১. এক বা একাধিক শব্দ দিয়ে গঠিত পূর্ণ অর্থবোধক ভাবিক একককে কী বলে?**
ক শব্দ খ পদ গ বাক্য ঘ ভাষা

**২২. 'তখনকার দিনে পায়ে হেঁটে চলতে হতো মাইলের পর মাইল' বাক্যে 'তখনকার' কোন কারকের উদাহরণ?**
ক কর্ম কারক খ অপাদান কারক
গ অধিকরণ কারক ঘ সম্বন্ধ কারক

**২৩. কোনো প্রাকৃতিক ধ্বনির অনুকরণে যেসব শব্দ তৈরি হয়, সেগুলোকে কী বলে?**
ক অনুকার দ্বিত্ব খ ধ্বন্যাত্মক দ্বিত্ব
গ পদদ্বিত্ব ঘ পুনরাবৃত্ত দ্বিত্ব

**২৪. কোন শব্দটি অপত্নীবাচক?**
ক জেলেনি খ গুরুপত্নী গ চাচি ঘ নেত্রী

**২৫. নিচের কোনটি পূরণবাচক সংখ্যাশব্দ নয়?**
ক একুশে খ পোয়া গ উনিশ ঘ তেহাই

**২৬. নিচের কোনটি ফারসি শব্দ?**
ক তোষক খ আঁতেল গ দারোগা ঘ হালুয়া

**২৭. 'ভূত' শব্দের বিপরীত শব্দ কোনটি?**
ক সাবেক খ ভবিষ্যৎ গ নিশ্চেষ্ট ঘ ভুয়া

**২৮. বাক্যের মধ্যে কিসের ভূমিকা বদলে গিয়ে একই বক্তব্যের প্রকাশভঙ্গি আলাদা হয়?**
ক অনুসর্গ খ যোজক গ ক্রিয়া ঘ আবেগ

**২৯. 'সুযোগসন্ধানী' অর্থে নিচের কোন বাগ্‌ধারাটি ব্যবহৃত হয়?**
ক দুধের মাছি খ তীর্থের কাক
গ খয়ের খাঁ ঘ তালকানা

**৩০. 'কুমুদ' নিচের কোনটি সমার্থক শব্দ?**
ক বিদ্যুৎ খ পাথর গ পদ্ম ঘ হাতি

■ **খালি ঘরগুলোতে পেনসিল দিয়ে উত্তরগুলো লেখো। এরপর প্রদত্ত উত্তরমালার সাথে মিলিয়ে দেখো তোমার উত্তরগুলো সঠিক কি না।**

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | | ২ | | ৩ | | ৪ | | ৫ | | ৬ | | ৭ | | ৮ | | ৯ | | ১০ | | ১১ | | ১২ | | ১৩ | | ১৪ | | ১৫ | |
| | ১৬ | | ১৭ | | ১৮ | | ১৯ | | ২০ | | ২১ | | ২২ | | ২৩ | | ২৪ | | ২৫ | | ২৬ | | ২৭ | | ২৮ | | ২৯ | | ৩০ | |

# ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজ

## বাংলা দ্বিতীয় পত্র : রচনামূলক প্রশ্ন

বিষয় কোড : | 1 | 0 | 2 |

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট — পূর্ণমান : ৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশে উল্লেখিত সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। উত্তর প্রাসঙ্গিক হওয়া বাঞ্ছনীয়। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

১। যে-কোনো একটি বিষয়ে অনুচ্ছেদ লেখো : ১০

(ক) বই পড়ার আনন্দ

(খ) স্বাধীনতা দিবস।

২। (ক) মনে করো, তোমার নাম রোহান। তোমার বন্ধুর নাম সিফাত। একটি ঐতিহাসিক স্থান ভ্রমণের অভিজ্ঞতা জানিয়ে তোমার বন্ধুর নিকট একটি পত্র লেখো। ১০

অথবা,

(খ) মনে করো, তুমি বগুড়ায় থাকো। তোমার এলাকায় পাঠাগার স্থাপনের জন্য চেয়ারম্যান বরাবর একটি আবেদনপত্র লেখো।

৩। (ক) সারাংশ লেখো : ১০

বিদ্যা মানুষের মূল্যবান সম্পদ, সে বিষয়ে সন্দেহ নাই। কিন্তু চরিত্র তদপেক্ষাও মূল্যবান। অতএব, কেবল বিদ্বান বলিয়াই কোনো লোক সমাদর লাভের যোগ্য বলিয়া বিবেচিত হইতে পারে না। চরিত্রহীন ব্যক্তি যদি নানা বিদ্যায় আপনার জ্ঞানভান্ডার পূর্ণ করিয়াও থাকে, তথাপি তাহার সঙ্গ পরিত্যাগ করাই শ্রেয়। প্রবাদ আছে যে, কোনো কোনো বিষধর সর্পের মস্তকে মণি থাকে। মণি মহামূল্যবান পদার্থ বটে, কিন্তু তাই বলিয়া যেমন মণি লাভের নিমিত্তে বিষধর সর্পের সাহচর্য লাভ করা বুদ্ধিমানের কার্য নহে, সেইরূপ বিদ্যা আদরণীয় হইলেও বিদ্যালাভের নিমিত্ত বিদ্বান দুর্জনের নিকট গমন বিধেয় নহে।

অথবা,

(খ) সারমর্ম লেখো :

পরের কারণে স্বার্থ দিয়া বলি<br>
এ জীবন মন সকলি দাও,<br>
তার মতো সুখ কোথাও কি আছে?<br>
আপনার কথা ভুলিয়া যাও।<br>
পরের কারণে মরণেও সুখ,<br>
'সুখ' 'সুখ' করি কেঁদ না আর;<br>
যতই কাঁদিবে, যতই ভাবিবে<br>
ততই বাড়িবে হৃদয় ভার।<br>
আপনারে লয়ে বিব্রত রহিতে<br>
আসে নাই কেহ অবনী 'পরে<br>
সকলের তরে সকলে আমরা<br>
প্রত্যেকে মোরা পরের তরে।

৪। যে-কোনো একটি ভাব-সম্প্রসারণ করো : ১০

(ক) মেঘ দেখে কেউ করিসনে ভয়, আড়ালে তার সূর্য হাসে<br>
হারা শশীর হারা হাসি, অন্ধকারেই ফিরে আসে।

অথবা,

(খ) প্রাণ থাকলেই প্রাণী হয়, কিন্তু মন না থাকলে মানুষ হয় না।

৫। (ক) তোমার বিদ্যালয়ে অনুষ্ঠিতব্য বিজ্ঞানমেলার বর্ণনা দিয়ে বিদ্যালয়ের প্রধান শিক্ষক বরাবর একটি প্রতিবেদন রচনা করো। ১০

অথবা,

(খ) মনে করো, তুমি রাহিব। দ্রব্যমূল্যের উর্ধ্বগতির কারণ ও তার প্রতিকারের উপায় সম্পর্কে একটি প্রতিবেদন রচনা করো।

৬। যে-কোনো একটি বিষয়ে প্রবন্ধ রচনা করো : ২০

(ক) অধ্যবসায়

(খ) দৈনন্দিন জীবনে বিজ্ঞান

(গ) ক্রিকেটে বাংলাদেশ।

মডেল টেস্ট- ০২

# রাজশাহী ক্যাডেট কলেজ

## বাংলা দ্বিতীয় পত্র : বহুনির্বাচনি অভীক্ষা

বিষয় কোড : 1 0 2

সময় : ৩০ মিনিট — পূর্ণমান : ৩০

[দ্রষ্টব্য : সরবরাহকৃত নৈর্ব্যক্তিক অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. সংযুক্ত বর্ণের কোন রূপটি সঠিক?**
ক) ষ্ + ণ = ষ্ণ খ) হ্ + ণ = হ্ন
গ) ষ্ + ঞ = ষ্ণ ঘ) খ্ + খ = ক্ষ

**২. 'নাবিক'-এর সন্ধিবিচ্ছেদ কোনটি?**
ক) নাব + ই খ) নো + ইক
গ) না + বিক ঘ) নৌ + ইক

**৩. 'গ্রহণ' শব্দের বিপরীত শব্দ কোনটি?**
ক) বর্জন খ) নিগ্রহ
গ) আগ্রহ ঘ) ব্যগ্রহ

**৪. কোন শব্দের অর্থ আশ্রয়?**
ক) শরন খ) সরণ গ) শরণ ঘ) স্মরণ

**৫. কোনটি ধ্বন্যাত্মক দ্বিত্বের উদাহরণ?**
ক) নরম-সরম খ) পাকাপাকি
গ) শোঁ শোঁ ঘ) গরম গরম

**৬. উপমার কর্মধারয় সমাস কোনটি?**
ক) মুখচন্দ্র খ) ক্রোধানল গ) তুষারশুভ্র ঘ) মনমাঝি

**৭. 'রাজপথ'-এর ব্যাসবাক্য হবে–**
ক) রাজার পথ খ) রাজা নির্মিত পথ
গ) রাজাদের পথ ঘ) পথের রাজা

**৮. 'মাননীয়' এর প্রকৃতি-প্রত্যয় কোনটি?**
ক) মান + নীয় খ) মা + অনীয়
গ) মান্ + অনীয় ঘ) মান্ + আনীয়

**৯. 'এতটুকু তারে ঘরে এনেছিনু, সোনার মতন মুখ'– এখানে অনুসর্গ কোনটি?**
ক) এত খ) ঘরে গ) মতন ঘ) মুখ

**১০. 'গীতাঞ্জলি' কোন ধরনের বিশেষ্য পদ?**
ক) নাম-বিশেষ্য খ) জাতি-বিশেষ্য
গ) বস্তু-বিশেষ্য ঘ) গুণ-বিশেষ্য

**১১. 'নীল আকাশের নিচে আমি রাস্তা চলেছি একা।' রেখাচিহ্নিত পদের কারক নির্ণয় করো।**
ক) অধিকরণ কারক খ) করণ কারক
গ) অপাদান কারক ঘ) কর্ম কারক

**১২. 'চিঠিটা পড়া হয়েছে।'– কোন বাচ্যের উদাহরণ?**
ক) কর্তৃবাচ্য খ) কর্মবাচ্য
গ) ভাববাচ্য ঘ) কর্মকর্তৃবাচ্য

**১৩. উক্তি পরিবর্তনে কোন অব্যয় পদ ব্যবহৃত হয়?**
ক) যথা খ) যেহেতু
গ) যে ঘ) যদি

**১৪. 'খুব চালাক'– এই অর্থে বাগ্‌ধারা কোনটি?**
ক) বুদ্ধির ঢেঁকি খ) ভুষণ্ডির কাক
গ) বিড়াল তপস্বী ঘ) গভীর জলের মাছ

**১৫. একটি অসমাপিকা ক্রিয়া ও একটি সমাপিকা ক্রিয়ার সমন্বয়ে কী গঠিত হয়?**
ক) যৌগিক ক্রিয়া খ) সরল ক্রিয়া
গ) প্রযোজক ক্রিয়া ঘ) নামক্রিয়া

**১৬. অনুজ্ঞাবাচক বাক্য কোনটি?**
ক) সে ঢাকা যাবে। খ) সমুদ্রের কী ভীষণ গর্জন!
গ) চুপ করে বস। ঘ) আমরা রোজ খেলি।

**১৭. মাতৃভাষী মোট জনসংখ্যার ভিত্তিতে বাংলা পৃথিবীর কততম ভাষা?**
ক) ৫ম খ) ৬ষ্ঠ
গ) ৭ম ঘ) ৮ম

**১৮. 'কারক' ব্যাকরণের কোন অংশে আলোচিত হয়?**
ক) ধ্বনিতত্ত্বে খ) রূপতত্ত্বে
গ) বাক্যতত্ত্বে ঘ) অর্থতত্ত্বে

**১৯. আঞ্চলিক ভাষার আর এক নাম কী?**
ক) অপভাষা খ) কামরূপি ভাষা
গ) বরেন্দ্রি ভাষা ঘ) উপভাষা

**২০. নাসিক্য ধ্বনি উচ্চারণে কোন বাগ্‌যন্ত্র প্রধান ভূমিকা পালন করে?**
ক) আলজিভ খ) তালু
গ) দন্ত ঘ) ওষ্ঠ

**২১. নিম্ন-মধ্য স্বর কোনটি?**
ক) ই খ) এ গ) অ্যা ঘ) আ

**২২. কোনটি পার্শ্বিক ধ্বনি?**
ক) য খ) র গ) ল ঘ) ব

**২৩. অধিক অর্থে 'দুঃ' উপসর্গ ব্যবহৃত হয়েছে কোন শব্দে?**
ক) দুঃশাসন খ) দুর্মূল্য
গ) দুষ্প্রাপ্য ঘ) দুর্দিন

**২৪. কোন শব্দের সাথে প্রত্যয় যোগে নারীবাচক শব্দ গঠন করতে হয়?**
ক) সুন্দর খ) ছেলে
গ) বিড়াল ঘ) বাদশা

**২৫. কোনটি তারিখ পূরণবাচক শব্দ?**
ক) বারোহ খ) দ্বাদশ গ) বারোতম ঘ) বারো

**২৬. কোনটি আরবি শব্দ?**
ক) খোদা খ) নামাজ
গ) চশমা ঘ) উকিল

**২৭. অবস্থাবাচক বিশেষণ কোথায় রয়েছে?**
ক) লাল গোলাপ খ) ঠান্ডা হাওয়া
গ) উড়ন্ত বলাকা ঘ) পাথুরে মূর্তি

**২৮. কোন বাক্যে বিরোধ যোজক রয়েছে?**
ক) আলিফ ও আবির স্কুলে এসেছে।
খ) আলিফ ভালো ছাত্র কিন্তু দুষ্ট।
গ) আলিফ বা আবির গ্লাস ভেঙেছে।
ঘ) আলিফ অসুস্থ তাই স্কুলে আসেনি।

**২৯. 'বাসায় দেরিতে ঘুম থেকে উঠতাম।'– বাক্যটি কোন কালের উদাহরণ?**
ক) নিত্য অতীত খ) ঘটমান অতীত
গ) পুরাঘটিত অতীত ঘ) সাধারণ অতীত

**৩০. 'পর্বত'-এর প্রতিশব্দ নয় কোনটি?**
ক) অদ্রি খ) ভূধর
গ) শৈল ঘ) ক্ষিতি

**■ খালি ঘরগুলোতে পেনসিল দিয়ে উত্তরগুলো লেখো। এরপর প্রদত্ত উত্তরমালার সাথে মিলিয়ে দেখো তোমার উত্তরগুলো সঠিক কি না।**

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | | ২ | | ৩ | | ৪ | | ৫ | | ৬ | | ৭ | | ৮ | | ৯ | | ১০ | | ১১ | | ১২ | | ১৩ | | ১৪ | | ১৫ | |
| | ১৬ | | ১৭ | | ১৮ | | ১৯ | | ২০ | | ২১ | | ২২ | | ২৩ | | ২৪ | | ২৫ | | ২৬ | | ২৭ | | ২৮ | | ২৯ | | ৩০ | |

# রাজশাহী কলেজিয়েট স্কুল

## বাংলা দ্বিতীয় পত্র : রচনামূলক প্রশ্ন

বিষয় কোড : | 1 | 0 | 2 |

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট — পূর্ণমান : ৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশে উল্লেখিত সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। উত্তর প্রাসঙ্গিক হওয়া বাঞ্ছনীয়। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

১। যে-কোনো একটি বিষয়ে অনুচ্ছেদ লেখো : ১০

(ক) সুন্দরবন

(খ) কম্পিউটার।

২। (ক) মনে করো, তুমি বরিশালের সিফাত। তোমার কুষ্টিয়ার বন্ধু মাহীনকে শিক্ষামূলক সফরের উপকারিতা বর্ণনা করে একটি পত্র লেখো। ১০

অথবা,

(খ) মনে করো, তুমি শাহবুল ইসলাম। জ্যোতিনগঞ্জ হাই স্কুলের দশম শ্রেণির ছাত্র। ছাত্র কল্যাণ তহবিল থেকে আর্থিক সাহায্য চেয়ে প্রধান শিক্ষকের কাছে একটি আবেদনপত্র লেখো।

৩। (ক) সারাংশ লেখো : ১০

সমাজের কাজ কেবল মানুষকে টিকে থাকার সুবিধা দেওয়া নয়, মানুষকে বড়ো করে তোলা, বিকশিত জীবনের জন্য মানুষের জীবনে আগ্রহ জাগিয়ে দেওয়া। স্বল্পপ্রাণ স্থূলবুদ্ধি ও জবরদস্তিপ্রিয় মানুষে সংসার পরিপূর্ণ। তাদের কাজ নিজের জীবনকে সার্থক ও সুন্দর করে তোলা নয়, অপরের সার্থকতার পথে অন্তরায় সৃষ্টি করা। প্রেম ও সৌন্দর্যের স্পর্শ লাভ করেনি বলে এরা নিষ্ঠুর ও বিকৃতবুদ্ধি। এদের একমাত্র দেবতা অহংকার। তারই চরণে তারা নিবেদিতপ্রাণ। ব্যক্তিগত অহংকার, পারিবারিক অহংকার, জাতির অহংকার ও ধর্মগত অহংকার–এসবের লাল নিশান ওড়ানোই এদের কাজ। মাঝে মাঝে মানবপ্রেমের কথাও তারা বলে। কিন্তু তাতে নেশা ধরে না, মনে হয় তা আন্তরিকতাহীন ও উপলব্ধিহীন বুলি মাত্র।

অথবা,

(খ) সারমর্ম লেখো :

ধন্য আশা কুহকিনি! তোমার মায়ায়
আশার সংসারচক্র ঘোরে নিরবধি
দাঁড়াইত স্থিরভাবে চলিত না হায়
মন্ত্র বলে তুমি চক্র না ঘুরাতে যদি
ভবিষ্যৎ অন্ধ মূঢ় মানব সকল
ঘুরিতেছে কর্মক্ষেত্রে বর্তুল আকার।
তব ইন্দ্রজালে মুগ্ধ, হয়ে তব বল
যুঝিছে জীবন যুদ্ধের হায় অনির্বার
নাচায় পুতুল যথা দক্ষ বাজিকরে
নাচাও তেমনি তুমি অর্বাচীন নরে।

৪। যে-কোনো একটি ভাব-সম্প্রসারণ করো : ১০

(ক) প্রাণ থাকলেই প্রাণী হয়, কিন্তু মন না থাকলে মানুষ হয় না।

অথবা,

(খ) গ্রন্থগত বিদ্যা আর পরহস্তে ধন,
নহে বিদ্যা নহে ধন হলে প্রয়োজন।

৫। (ক) মনে করো, তুমি রিয়াজ। একটি জাতীয় দৈনিক পত্রিকার প্রতিনিধি। ‘পরিবেশগত ভারসাম্য রক্ষার জন্য চাই বৃক্ষরোপণ’–এ শিরোনামে পত্রিকায় প্রকাশ উপযোগী একটি প্রতিবেদন তৈরি করো। ১০

অথবা,

(খ) মনে করো, তুমি আহনাফ। তুমি দৈনিক সমকাল পত্রিকার ঢাকা মহানগর প্রতিনিধি। ‘মাদককে না বলুন’ শিরোনামে একটি সংবাদ প্রতিবেদন প্রণয়ন করো।

৬। যে-কোনো একটি বিষয়ে প্রবন্ধ রচনা করো : ২০

(ক) বাংলাদেশের উৎসব

(খ) একটি ঝড়ের রাত

(গ) বিশ্বকোষ।

মডেল টেস্ট- ০৩

# মির্জাপুর ক্যাডেট কলেজ, টাঙ্গাইল

## বাংলা দ্বিতীয় পত্র : বহুনির্বাচনি অভীক্ষা

বিষয় কোড : 1 0 2

সময় : ৩০ মিনিট    পূর্ণমান : ৩০

[দ্রষ্টব্য : সরবরাহকৃত নৈর্ব্যক্তিক অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. ব্যঞ্জনবর্ণের সংক্ষিপ্ত রূপকে কী বলে?**
ক ধাতু খ প্রকৃতি গ কার ঘ ফলা

**২. তালব্যধ্বনির অন্তর্গত ধ্বনিগুচ্ছ–**
ক ব, ভ, ম খ দ, ধ, ন
গ ছ, জ, ঝ ঘ ঠ, ড, ঢ

**৩. নাটকের সংলাপ ও বক্তৃতার অনুপযোগী কোন ভাষা রীতি?**
ক সাধু খ চলিত
গ আঞ্চলিক ঘ প্রমিত

**৪. শব্দতত্ত্বের অপর নাম কী?**
ক অর্থতত্ত্ব খ বাক্যতত্ত্ব গ রূপতত্ত্ব ঘ ধ্বনিতত্ত্ব

**৫. কোন ধ্বনিটি অঘোষ-অল্পপ্রাণ?**
ক চ খ ড গ ঝ ঘ ঠ

**৬. এ ধ্বনির বিবৃত উচ্চারণ রয়েছে কোনটিতে?**
ক কে খ এলো গ এক ঘ কেহ

**৭. কোনটি নিপাতনে সিদ্ধ সন্ধির উদাহরণ নয়?**
ক ষোড়শ খ বনস্পতি গ মার্তণ্ড ঘ সংস্কৃতি

**৮. নিচের কোন শব্দটিতে ম-এর উচ্চারণ বজায় রয়েছে?**
ক আত্মীয় খ যুগ্ম গ স্মরণ ঘ পদ্ম

**৯. কী ভেদে পদাশ্রিত নির্দেশকের ভিন্নতা প্রযুক্ত হয়?**
ক পদভেদে খ শব্দভেদে গ লিঙ্গভেদে ঘ বচনভেদে

**১০. বর্গ হলো–**
ক শব্দের গুচ্ছ খ বর্ণের সমষ্টি গ ধ্বনিগুচ্ছ ঘ বাক্যের বিন্যাস

**১১. 'একটু ঘুরে আসুন <u>না</u>, ভালো লাগবে।'– বাক্যটিতে কোন ধরনের ক্রিয়াবিশেষণ ব্যবহৃত হয়েছে?**
ক ধরনবাচক খ নেতিবাচক গ একপদী ঘ পদাণু

**১২. বিদেশি উপসর্গযোগে গঠিত শব্দ–**
ক আরক্ত খ সাগ্রহ গ বেকার ঘ নিশ্চয়

**১৩. 'ছি ছি, তুমি কী করেছ?' বাক্যে দ্বিরুক্ত শব্দটি কোন অর্থ প্রকাশ করছে?**
ক পৌনঃপুনিকতা খ তীব্রতা
গ ভাবের গভীরতা ঘ ক্রিয়াবিশেষণ

**১৪. কোনটি বহুব্রীহি সমাসের উদাহরণ?**
ক যথাযোগ্য খ রাজপুত্র গ ছাপোষা ঘ পঁসুরি

**১৫. '<u>চরণকমলে</u> রেখো মা এ দাসে রে'– 'চরণকমল' সমস্ত পদটি কোন সমাসের উদাহরণ?**
ক সাধারণ কর্মধারয় খ উপমান কর্মধারয়
গ উপমিত কর্মধারয় ঘ রূপক কর্মধারয়

**১৬. তারিখবাচক শব্দ কোনটি?**
ক উনিশে খ বিংশ গ কুড়ি ঘ দ্বাদশ

**১৭. সাপেক্ষ সর্বনামের উদাহরণ কোনটি?**
ক স্বয়ং খ পরস্পর গ যে-সে ঘ অপর

**১৮. 'মানব'-এর সঠিক প্রকৃতি-প্রত্যয় কোনটি?**
ক মনু + ষ্ণ খ মান + অব
গ মানু + ষ্ণ ঘ মনু + অব

**১৯. সমাপিকা ও অসমাপিকা ক্রিয়া যুক্ত হয়ে যে ক্রিয়া গঠন করে, তাকে কী বলে?**
ক সংযোগ ক্রিয়া খ যৌগিক ক্রিয়া
গ নাম ক্রিয়া ঘ সরল ক্রিয়া

**২০. নিচের কোনটিতে ক্রিয়াজাত অনুসর্গের প্রয়োগ ঘটেছে?**
ক এমন কাজ তোমার দ্বারা হবে না।
খ কার কাছে গেলে জানা যাবে?
গ ফেলে আসা স্মৃতির জন্য অনেক কেঁদেছি।
ঘ বহুদিন ধরে অপেক্ষা করে আছি।

**২১. নিচের কোনটি সঠিক?**
ক বেশ– প্রশংসা আবেগ খ যাকগে– বিরক্তি আবেগ
গ আরে– বিস্ময় আবেগ ঘ উহ্– আতঙ্ক আবেগ

**২২. সাধারণ ক্রিয়ার স্থান, কাল, ভাব বোঝাতে কোন বিভক্তি যুক্ত হয়?**
ক -রে, -এর খ -য়ের, -এর
গ -তে, -য়ে ঘ -কে, -রে

**২৩. প্রযোজক ক্রিয়ার সাধারণ বর্তমান কালে বক্তা পক্ষের ক্রিয়াবিভক্তি কোনটি?**
ক -আও (করাও) খ -আস (করাস)
গ -আয় (করায়) ঘ -আই (করাই)

**২৪. কোনটি অনুজ্ঞাবাচক বাক্যের উদাহরণ?**
ক ঈশ্বর তোমার মঙ্গল করুন।
খ সে ভীষণ চিৎকার শুনে আমি তো ভয়েই মরি।
গ আমরা তোমাদের ভুলব না।
ঘ আহ! কী আনন্দ আকাশে-বাতাসে।

**২৫. কোনটি মিশ্র বাক্য?**
ক কেবল লোভের উপভোগ আহরণ করাই তাহার একমাত্র প্রয়োজন।
খ ইহাদের ন্যায় রূপবতী রমণী আমার অন্তঃপুরে নাই।
গ শরাসনে যে শর সংহিত করিয়াছেন, আশু তাহার প্রতিসংহার করুন।
ঘ কার্যে ক্ষতি না হইলে তথায় গিয়া অতিথি সৎকার করুন।

**২৬. '<u>ঘরেতে</u> ভ্রমর এল গুনগুনিয়ে'– চিহ্নিত শব্দটি কোন কারকে কোন বিভক্তি?**
ক করণে সপ্তমী খ কর্মে সপ্তমী
গ অপাদানে সপ্তমী ঘ অধিকরণে সপ্তমী

**২৭. 'বসন্তে কোলি ডাকে'–এটি কোন বাচ্যের উদাহরণ?**
ক কর্তাবাচ্য খ কর্মবাচ্য
গ ভাববাচ্য ঘ কর্মকর্তৃবাচ্য

**২৮. কোনটি বিধুর সমার্থক শব্দ?**
ক ভানু খ সবিতা গ শশী ঘ ভাস্কর

**২৯. নিচের কোনটি 'বুদ্ধির ঢেঁকি' অর্থ প্রকাশ করছে?**
ক কাণ্ডজ্ঞানহীন খ অগাধ বুদ্ধি
গ অপদার্থ ঘ নির্বোধ

**৩০. 'আশু' শব্দের বিপরীত শব্দ কোনটি?**
ক শীঘ্র খ দ্রুত গ বিলম্ব ঘ গমন

■ **খালি ঘরগুলোতে পেনসিল দিয়ে উত্তরগুলো লেখো। এরপর প্রদত্ত উত্তরমালার সাথে মিলিয়ে দেখো তোমার উত্তরগুলো সঠিক কি না।**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | | ২ | | ৩ | | ৪ | | ৫ | | ৬ | | ৭ | | ৮ | | ৯ | | ১০ | | ১১ | | ১২ | | ১৩ | | ১৪ | | ১৫ | |
| | ১৬ | | ১৭ | | ১৮ | | ১৯ | | ২০ | | ২১ | | ২২ | | ২৩ | | ২৪ | | ২৫ | | ২৬ | | ২৭ | | ২৮ | | ২৯ | | ৩০ | |

# আইডিয়াল স্কুল এন্ড কলেজ, মতিঝিল, ঢাকা

## বাংলা দ্বিতীয় পত্র : রচনামূলক প্রশ্ন

বিষয় কোড : 1 0 2

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট — পূর্ণমান : ৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশে উল্লেখিত সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। উত্তর প্রাসঙ্গিক হওয়া বাঞ্ছনীয়। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

১। যে-কোনো একটি বিষয়ে অনুচ্ছেদ লেখো : ১০

(ক) আন্তর্জাতিক মাতৃভাষা দিবস

(খ) মোবাইল ফোন

২। (ক) মনে করো, তুমি ফাহিম/ফাহিমা, কুমিল্লায় থাকো। একটি ঐতিহাসিক স্থান ভ্রমণের অভিজ্ঞতা জানিয়ে ঢাকার বন্ধু প্রত্যয়/প্রজ্ঞার কাছে একটি পত্র লেখো। ১০

অথবা,

(খ) মনে করো, তুমি নিলয়/নীলা। তুমি ফরিদপুর জেলার শুভপুর ইউনিয়ন পরিষদের একজন বাসিন্দা। তোমার এলাকার স্বাস্থ্যকেন্দ্রের দুর্দশার কথা জানিয়ে যে-কোনো জাতীয় দৈনিক পত্রিকায় প্রকাশের জন্য একটি পত্র লেখো।

৩। (ক) সারাংশ লেখো : ১০

অভাব আছে বলিয়া জগৎ বৈচিত্র্যময় হইয়াছে। অভাব না থাকিলে জীব-সৃষ্টি বৃথা হইত। অভাব আছে বলিয়া অভাব পূরণে এত উদ্যম, এত উদ্যোগ। সংসার অভাবক্ষেত্র বলিয়াই কর্মক্ষেত্র। অভাব না থাকিলে সকলেই স্থাণু-স্থবির হইত, মনুষ্যজীবন বিড়ম্বনাময় হইত। মহাজ্ঞানীগণ অপরের অভাব দূর করিতে সর্বদা ব্যস্ত। জগতে অভাব আছে বলিয়াই মানুষ সেবা করিবার সুযোগ পাইয়াছে। সেবা মানবজীবনের পরম ধর্ম। সুতরাং অভাব হইতেই সেবাধর্মের সৃষ্টি হইয়াছে। আর এই সেবাধর্মের দ্বারাই মানুষের মনুষ্যত্বসুলভ গুণ সার্থকতা লাভ করিয়াছে।

অথবা,

(খ) সারমর্ম লেখো :

দৈন্য যদি আসে, আসুক, লজ্জা কিবা তাহে?
মাথা উঁচু রাখিস।
সুখের সাথি মুখের পানে যদি নাহি চাহে,
ধৈর্য ধরে থাকিস।
রুদ্ররূপে তীব্র দুঃখ যদি আসে নেমে,
বুক ফুলিয়ে দাঁড়াস,
আকাশ যদি বজ্র নিয়ে মাথায় পড়ে ভেঙে,
ঊর্ধ্বে দু'হাত বাড়াস।

৪। যে-কোনো একটি ভাব-সম্প্রসারণ করো : ১০

(ক) মানুষ বাঁচে তার কর্মের মধ্যে, বয়সের মধ্যে নয়।

অথবা,

(খ) অন্যায় যে করে আর অন্যায় যে সহে
তব ঘৃণা যেন তারে তৃণসম দহে।

৫। (ক) মনে করো, তুমি রোহান। 'দৈনিক প্রথম আলো' পত্রিকার স্থানীয় প্রতিনিধি। তোমার এলাকার সড়কের দুরবস্থার বর্ণনা দিয়ে পত্রিকায় প্রকাশ উপযোগী একটি প্রতিবেদন রচনা করো। ১০

অথবা,

(খ) মনে করো, তুমি পলাশ/প্রীতি, রামপুর উচ্চ বিদ্যালয়, ফরিদপুর এর দশম শ্রেণির শিক্ষার্থী। তোমার বিদ্যালয়ে অনুষ্ঠিত 'নবীনবরণ' অনুষ্ঠানের বর্ণনা দিয়ে সংবাদপত্রে প্রকাশ উপযোগী একটি প্রতিবেদন রচনা করো।

৬। যে-কোনো একটি বিষয়ে প্রবন্ধ রচনা করো : ২০

(ক) বাংলাদেশের পর্যটনশিল্প

(খ) বাংলাদেশের উৎসব

(গ) সময়ানুবর্তিতা

মডেল টেস্ট- ০৪

# ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ, ঢাকা

## বাংলা দ্বিতীয় পত্র : বহুনির্বাচনি অভীক্ষা

বিষয় কোড : 1 0 2

সময় : ৩০ মিনিট — পূর্ণমান : ৩০

[দ্রষ্টব্য : সরবরাহকৃত নৈর্ব্যক্তিক অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. কোনটি ধ্বন্যাত্মক দ্বিত্বের উদাহরণ?**
ক আড়াআড়ি খ দলাদলি
গ ঝিকিমিকি ঘ ঢং ঢং

**২. 'অক'-প্রত্যয় দিয়ে গঠিত নরবাচক শব্দকে নারীবাচক করার সময়ে 'অক' -এর জায়গায় কী হয়?**
ক ইকা খ ইনী গ ইনি ঘ বনী

**৩. একাধিকবার একই একক গণনা করলে যে সমষ্টি পাওয়া যায়, তাকে কী বলে?**
ক গণনাবাচক সংখ্যা খ সংখ্যাবাচক সংখ্যা
গ পুরণবাচক সংখ্যা ঘ তারিখবাচক সংখ্যা

**৪. বাংলা ভাষায় তারিখ নির্দেশ করার জন্য সংখ্যা শব্দের পূরণবাচকে কোনটি ব্যবহৃত হয়?**
ক প্রত্যয় খ বিভক্তি গ উপসর্গ ঘ অনুসর্গ

**৫. ধ্বন্যাত্মক নাম-ক্রিয়ার উদাহরণ আছে কোন বাক্যে?**
ক ঘণ্টা বেজে উঠল খ পাখিটা ছটফটাচ্ছে
গ সে লিখছে ঘ মা শিশুকে গল্প শোনাচ্ছে

**৬. 'ঠিকভাবে চললে কেউ কিছু বলবে না'– বাক্যটিতে কোন ধরনের ক্রিয়া বিশেষণ ব্যবহৃত হয়েছে?**
ক কালবাচক খ ধরনবাচক
গ স্থানবাচক ঘ নেতিবাচক

**৭. জিনিসের দাম বেড়েছে, কারণ চাহিদা বেশি। বাক্যটি কোন যোজকের উদাহরণ?**
ক সাপেক্ষ যোজক খ কারণ যোজক
গ বিরোধ যোজক ঘ সাধারণ যোজক

**৮. নিচের কোন বাক্যে ক্রিয়াজাত অনুসর্গের প্রয়োগ ঘটেছে?**
ক এমন কাজ তোমার দ্বারা হবে না খ কার কাছে গেলে জানা যাবে?
গ ভালো করে খেয়ে নাও। ঘ সে পরীক্ষার জন্য পড়ছে।

**৯. নিচের কোনটি প্রশংসা আবেগ?**
ক বাহ্, চমৎকার লিখছে খ আহ, কী চমৎকার দৃশ্য
গ আহ, বেচারার এত কষ্ট ঘ ওগো, তোরা জয়ধ্বনি কর

**১০. টা, টি-নির্দেশকটি যুক্ত হয় কোন শব্দের সঙ্গে?**
ক বিশেষ্য খ বিশেষণ গ সর্বনাম ঘ সবগুলো

**১১. নিচের কোন বাক্যে বহুবচন ব্যবহৃত না হয়েও বহুবচন বোঝাচ্ছে?**
ক বইটা কোথায় হারিয়ে গেল খ কলমগুলোর অনেক দাম
গ মৌমাছি মৌচাক বানায় ঘ মাঝিরা নৌকা চালায়

**১২. কোনগুলো ঘোষ ব্যঞ্জন?**
ক প, ফ খ ত, থ গ চ, ছ ঘ ভ, ব

**১৩. যেসব শব্দাংশ পদের সঙ্গে যুক্ত হয়ে বক্তব্য জোরালো করে, তাকে কী বলে?**
ক বলক খ প্রত্যয় গ উপসর্গ ঘ বিভক্তি

**১৪. ঈষৎ-অর্থ প্রকাশ করেছে কোন উপসর্গযুক্ত শব্দটি?**
ক উপকূল খ নালায়েক গ আরক্ত ঘ গৌণ

**১৫. নিচের কোনটি কৃদন্ত শব্দের উদাহরণ?**
ক দীর্ঘতম খ মুক্ত গ দাতব্য ঘ ছাপাখানা

**১৬. নিচের কোনটি অলুক তৎপুরুষ সমাসের উদাহরণ?**
ক তেলে ভাজা খ রাজপথ
গ কাজল কালো ঘ মধুমাখা

**১৭. বিসর্গ সন্ধির উদাহরণ কোনটি?**
ক নায়ক খ আশীর্বাদ গ শুভেচ্ছা ঘ উল্লাস

**১৮. 'বৃষ্টি শেষ হওয়ার আগেই আমরা বাড়ি পৌঁছে ছিলাম'–**
ক সাধারণ অতীত খ ঘটমান অতীত
গ পুরাঘটিত অতীত ঘ নিত্য অতীত

**১৯. 'আমটা দেখতে <u>ভারি সুন্দর</u>' বাক্যে কোন বর্গের ব্যবহার রয়েছে?**
ক বিশেষ্য বর্গ খ বিশেষণ বর্গ
গ ক্রিয়া বিশেষণ বর্গ ঘ ক্রিয়াবর্গ

**২০. নিচের কোনটি জটিল বাক্য?**
ক যে ছেলেটি এখানে এসেছিল, সে আমার ভাই
খ পাখিগুলো নীল আকাশে উড়ছে
গ আমার সমুদ্র দেখতে খুব ভালো লাগে
ঘ লোকটি অশিক্ষিত, কিন্তু অভদ্র নয়

**২১. 'জমি থেকে ফসল পাই'– কোন কারক?**
ক সম্বন্ধ কারক খ করণ কারক
গ অপাদান কারক ঘ অধিকরণ কারক

**২২. নিচের কোনটি কর্মবাচ্যের উদাহরণ?**
ক আমাদের কঠোর পরিশ্রম করতে হয়
খ এবার বাঁশিটি বাজাও
গ ঝরনা গান ভালোবাসে ঘ কোথা থেকে আসা হলো

**২৩. 'অক্কা পাওয়া'-এর সমার্থক বাগ্‌ধারা কোনটি?**
ক ডুব দেওয়া খ তাসের ঘর
গ ননির পুতুল ঘ পটল তোলা

**২৪. 'মেদিনী' শব্দের প্রতিশব্দ কোনটি?**
ক পাথর খ পর্বত গ পৃথিবী ঘ দামিনী

**২৫. 'অতিবৃষ্টি' শব্দের বিপরীত শব্দ কোনটি?**
ক অল্পবৃষ্টি খ অনাবৃষ্টি
গ ভারী বৃষ্টি ঘ খুব বৃষ্টি

**২৬. বাগ্‌যন্ত্রের মধ্যে সবচেয়ে সচল ও সক্রিয় প্রত্যঙ্গ কোনটি?**
ক দন্তমূল খ জিভ গ অলজিভ ঘ মূর্ধা

**২৭. 'আলপিন' কোন ভাষার শব্দ?**
ক ফরাসি খ ওলন্দাজ গ পর্তুগিজ ঘ হিন্দি

**২৮. সমষ্টি-বিশেষ্য কোনটি?**
ক পরিবার খ দীনতা গ শয়ন ঘ সাগর

**২৯. 'চলন্ত ট্রেন' কী জাতীয় বিশেষণ?**
ক ভাববাচক খ অবস্থাবাচক
গ গুণবাচক ঘ ক্রমবাচক

**৩০. সমাপিকা ও অসমাপিকা ক্রিয়া যুক্ত হয়ে যে ক্রিয়া গঠিত হয়, তাকে কী বলে?**
ক নাম ক্রিয়া খ সরল ক্রিয়া
গ প্রযোজক ক্রিয়া ঘ যৌগিক ক্রিয়া

■ **খালি ঘরগুলোতে পেনসিল দিয়ে উত্তরগুলো লেখো। এরপর প্রদত্ত উত্তরমালার সাথে মিলিয়ে দেখো তোমার উত্তরগুলো সঠিক কি না।**

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | | ২ | | ৩ | | ৪ | | ৫ | | ৬ | | ৭ | | ৮ | | ৯ | | ১০ | | ১১ | | ১২ | | ১৩ | | ১৪ | | ১৫ | |
| | ১৬ | | ১৭ | | ১৮ | | ১৯ | | ২০ | | ২১ | | ২২ | | ২৩ | | ২৪ | | ২৫ | | ২৬ | | ২৭ | | ২৮ | | ২৯ | | ৩০ | |

# ফরিদপুর জিলা স্কুল

## বাংলা দ্বিতীয় পত্র : রচনামূলক প্রশ্ন

বিষয় কোড : | 1 | 0 | 2 |

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট — পূর্ণমান : ৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশে উল্লেখিত সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। উত্তর প্রাসঙ্গিক হওয়া বাঞ্ছনীয়। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

১। যে-কোনো একটি বিষয়ে অনুচ্ছেদ লেখো : ১০

(ক) সুন্দরবন

(খ) বইমেলা

২। (ক) মনে করো তুমি সোহেল, তুমি দৈনিক পত্রিকার ফরিদপুর জেলার একজন প্রতিনিধি। তোমার এলাকার স্বাস্থ্যকেন্দ্রের দুর্দশার কথা জানিয়ে পত্রিকায় প্রকাশের উপযোগী করে একটি পত্র লেখো। ১০

অথবা,

(খ) বাংলা বিষয়ে সহকারী শিক্ষক পদে নিয়োগের জন্য তোমার বিদ্যালয়ের প্রধান শিক্ষকের বরাবর একটি আবেদনপত্র লেখো।

৩। (ক) সারাংশ লেখো : ১০

অভাব আছে বলিয়া জগৎ বৈচিত্র্যময় হইয়াছে। অভাব না থাকিলে জীব-সৃষ্টি বৃথা হইত। অভাব আছে বলিয়া অভাব পূরণে এত উদ্যম, এত উদ্যোগ। সংসার অভাবক্ষেত্র বলিয়া কর্মক্ষেত্র। অভাব না থাকিলে সকলেই স্থাণু-স্থবির হইত, মনুষ্যজীবন বিড়ম্বনাময় হইত। মহাজ্ঞানীগণ অপরের অভাব দূর করিতে সর্বদা ব্যস্ত। জগতে অভাব আছে বলিয়াই মানুষ সেবা করিবার সুযোগ পাইয়াছে। সেবা মানবজীবনের পরম ধর্ম। সুতরাং অভাব হইতেই সেবাধর্মের সৃষ্টি হইয়াছে। আর এই সেবাধর্মের দ্বারাই মানুষের মনুষ্যত্বসুলভ গুণ সার্থকতা লাভ করিয়াছে।

অথবা,

(খ) সারমর্ম লেখো :

কোথায় স্বর্গ? কোথায় নরক? কে বলে তা বহুদূর?
মানুষেরই মাঝে স্বর্গ-নরক, মানুষেতে সুরাসুর!
রিপুর তাড়নে যখনি মোদের বিবেক পায় গো লয়,
আত্মগ্লানির নরক-অনলে তখনি পুড়িতে হয়।
প্রীতি ও প্রেমের পুণ্য বাঁধনে যবে মিলি পরস্পরে,
স্বর্গ আসিয়া দাঁড়ায় তখন আমাদেরি কুঁড়ে ঘরে।

৪। যে-কোনো একটি ভাব-সম্প্রসারণ করো : ১০

(ক) বার্ধক্য তাহাই যাহা পুরাতনকে, মিথ্যাকে, মৃত্যুকে আঁকড়িয়া পড়িয়া থাকে।

অথবা,

(খ) মেঘ দেখে কেউ করিসনে ভয়, আড়ালে তার সূর্য হাসে,
হারা শশীর হারা হাসি, অন্ধকারেই ফিরে আসে।

৫। (ক) তোমার বিদ্যালয়ে শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদ্‌যাপন সম্পর্কিত একটি সংবাদ প্রতিবেদন তৈরি করো। ১০

অথবা,

(খ) মনে করো, তুমি জুনায়েদ, একটি জাতীয় দৈনিক পত্রিকার প্রতিনিধি। 'পরিবেশগত ভারসাম্য রক্ষার জন্য চাই বৃক্ষরোপণ'–এ শিরোনামে পত্রিকায় প্রকাশ উপযোগী একটি প্রতিবেদন তৈরি করো।

৬। যে-কোনো একটি বিষয়ে প্রবন্ধ রচনা করো : ২০

(ক) বাংলাদেশের মুক্তিযুদ্ধ

(খ) বাংলাদেশের প্রাকৃতিক দুর্যোগ

(গ) অদম্য অগ্রযাত্রায় বাংলাদেশ

মডেল টেস্ট- ০৫

# হলি ক্রস উচ্চ বালিকা বিদ্যালয়, ঢাকা

## বাংলা দ্বিতীয় পত্র : বহুনির্বাচনি অভীক্ষা

বিষয় কোড : 1 0 2

সময় : ৩০ মিনিট পূর্ণমান : ৩০

[দ্রষ্টব্য : সরবরাহকৃত নৈর্ব্যক্তিক অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. কত বছর আগে উপমহাদেশে ব্রাহ্মীলিপির জন্ম হয়?**
ⓚ ২০০০ ⓚ ২৫০০
ⓖ ৩০০০ ⓖ ৩৫০০

**২. রাজা রামমোহন রায়ের রচিত বাংলা ব্যাকরণের নাম কী?**
ক গৌড়ীয় ব্যাকরণ খ মাতৃভাষার ব্যাকরণ
গ ভাষা ও ব্যাকরণ ঘ বাংলা ব্যাকরণ

**৩. বাংলাদেশের রংপুর অঞ্চলের উপভাষার নাম কী?**
ক রাঢ়ি খ কামরূপি
গ বরেন্দ্রি ঘ পূর্বি

**৪. মেরুদণ্ডের ৪, ৫ ও ৬ নং অস্থির পাশে অবস্থিত নলের মতো অংশকে কী বলে?**
ক বৃহদন্ত্র খ ক্ষুদ্রান্ত্র
গ নাসারন্ধ্র ঘ স্বরযন্ত্র

**৫. কোনো ব্যঞ্জনের সঙ্গে কারবর্ণ বা হস্‌চিহ্ন না থাকলে ব্যঞ্জনটির সঙ্গে কী আছে বলে ধরে নেওয়া হয়?**
ক অ খ আ
গ ই ঘ ঈ

**৬. বাংলা স্বরবর্ণের উপর চন্দ্রবিন্দু ব্যবহার করা হয় কী বোঝাতে?**
ক হ্রস্বস্বর খ দীর্ঘস্বর
গ অনুনাসিকতা ঘ ব্যঞ্জনা

**৭. দন্তমূল ও তালুর মাঝখানে যে উঁচু অংশ থাকে তার নাম কী?**
ক দন্ত্য ব্যঞ্জন খ তালব্য ব্যঞ্জন
গ ওষ্ঠ ব্যঞ্জন ঘ মূর্ধা

**৮. নিচের কোন শব্দে 'ম' ফলার ম-এর উচ্চারণ বজায় থাকে?**
ক পদ্ম খ আত্মীয় গ গুল্ম ঘ স্মরণ

**৯. "ছেলেরা ক্রিকেট খেলে"– এই বাক্যে 'ক্রিকেট' পদটিকে কী বলা যায়?**
ক বচন খ বলক
গ অলগ্নক পদ ঘ সলগ্নক পদ

**১০. 'নালায়েক' শব্দে 'না' উপসর্গটি কী অর্থে ব্যবহৃত হয়েছে?**
ক অপূর্ণ খ সাদৃশ গ মন্দ ঘ নির্ধন

**১১. 'ফ্যাকাসে' শব্দের সঠিক শব্দ গঠন কোনটি?**
ক ফ্যাক + আসে খ ফিকা + সে
গ ফেকা + আসে ঘ ফ্যাকা + সে

**১২. মধ্যপদলোপী কর্মধারয় সমাসের উদাহরণ কোনটি?**
ক শশব্যস্ত খ বিষাদসিন্ধু গ কাজকর্ম ঘ হাতঘড়ি

**১৩. 'জনৈক' শব্দটির সন্ধিবিচ্ছেদ কোনটি?**
ক জন + ঐক খ জন + এক
গ জন + নৈক ঘ জন + ঐক্য

**১৪. ধ্বনির অনুকরণে যেসব শব্দ তৈরি হয়, সেগুলোকে কী শব্দ বলে?**
ক ধ্বন্যাত্মক খ ঋণাত্মক
গ অনুকার ঘ পুনরাবৃত্ত দ্বিত্ব

**১৫. নরবাচক শব্দকে নারীবাচক শব্দে পরিবর্তন করতে সাধারণত কী যোগ করতে হয়?**
ক উপসর্গ খ প্রত্যয়
গ বিভক্তি ঘ বচন

**১৬. 'আড়াই কেজি চাল দিন'– এই বাক্যে কোন ধরনের সংখ্যাশব্দ ব্যবহৃত হয়েছে?**
ক তারিখ পূরণবাচক খ সাধারণ পূরণবাচক
গ ভগ্নাংশ পূরণবাচক ঘ ক্রমবাচক

**১৭. 'পাউরুটি' কোন ভাষার শব্দ?**
ক ফরাসি খ পর্তুগিজ গ ওলন্দাজ ঘ তুর্কি

**১৮. 'বাহিনী' কোন ধরনের বিশেষ্য?**
ক সমষ্টি বিশেষ্য খ বস্তু বিশেষ্য
গ জাতি বিশেষ্য ঘ গুণ বিশেষ্য

**১৯. কোন সর্বনাম নৈকট্য বা দূরত্ব নির্দেশ করে?**
ক সাপেক্ষ সর্বনাম খ অনির্দিষ্ট সর্বনাম
গ আত্মবাচক সর্বনাম ঘ নির্দেশক সর্বনাম

**২০. নির্দিষ্টতাবাচক বিশেষণ কোনটি?**
ক অনেক খ সেই
গ এক ঘ তরল

**২১. একটিমাত্র পদ দিয়ে গঠিত এবং কর্তা এককভাবে সম্পাদিত ক্রিয়াকে কী বলে?**
ক প্রযোজক ক্রিয়া খ সরল ক্রিয়া
গ নাম ক্রিয়া ঘ সংযোগ ক্রিয়া

**২২. কোন ধরনের ক্রিয়া বিশেষণ বাক্যের মধ্যে বিশেষ কোনো ভূমিকা পালন করে না?**
ক একপদী খ ধারণাবাচক
গ পদানু ঘ নেতিবাচক

**২৩. "তোমার কাছে সুখ চেয়ে পেলাম শুধু লজ্জা"– এ বাক্যে নিচের কোনটি অনুসর্গ?**
ক লজ্জা খ সুখ গ তোমার ঘ কাছে

**২৪. 'আবলি' লগ্নক যোগে বহুবচনের সঠিক উদাহরণ কোনটি?**
ক শিক্ষকমণ্ডলী খ নিয়মাবলি
গ পর্বতাবলি ঘ সদস্যাবলি

**২৫. পুরাঘটিত বর্তমানকালের উদাহরণ কোনটি?**
ক আমি অঙ্কটি করেছি খ সে ভাত খায়
গ সন্ধ্যায় সূর্য অস্ত যায় ঘ আমি স্কুলে যাই

**২৬. বিধেয় ক্রিয়ার বিশেষ অংশকে কী বলে?**
ক উদ্দেশ্য খ বিধেয় গ পূরক ঘ প্রসারক

**২৭. কোন কারকে ক্রিয়ার উৎস নির্দেশ করা হয়?**
ক কর্তা কারকে খ কর্ম কারকে
গ অধিকরণ কারকে ঘ অপাদান কারকে

**২৮. 'চশমখোর' বাগ্‌ধারাটির অর্থ কী?**
ক সামান্য ব্যক্তি খ বেহায়া
গ নাছোড়বান্দা ঘ নির্বোধ

**২৯. 'উদক' শব্দের প্রতিশব্দ কোনটি?**
ক সলিল খ অবয়ব
গ ভূপাল ঘ সমর

**৩০. 'ত্বরিত' শব্দের বিপরীত শব্দ কোনটি?**
ক নিস্তেজ খ দীর্ঘ
গ শ্লথ ঘ ধৃষ্ট

■ **খালি ঘরগুলোতে পেনসিল দিয়ে উত্তরগুলো লেখো। এরপর প্রদত্ত উত্তরমালার সাথে মিলিয়ে দেখো তোমার উত্তরগুলো সঠিক কি না।**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | | ২ | | ৩ | | ৪ | | ৫ | | ৬ | | ৭ | | ৮ | | ৯ | | ১০ | | ১১ | | ১২ | | ১৩ | | ১৪ | | ১৫ | |
| | ১৬ | | ১৭ | | ১৮ | | ১৯ | | ২০ | | ২১ | | ২২ | | ২৩ | | ২৪ | | ২৫ | | ২৬ | | ২৭ | | ২৮ | | ২৯ | | ৩০ | |

# ময়মনসিংহ জিলা স্কুল

## বাংলা দ্বিতীয় পত্র : রচনামূলক প্রশ্ন

বিষয় কোড : 1 0 2

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট পূর্ণমান : ৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশে উল্লেখিত সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। উত্তর প্রাসঙ্গিক হওয়া বাঞ্ছনীয়। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

১। যে-কোনো একটি বিষয়ে অনুচ্ছেদ লেখো : ১০

(ক) জাতীয় পতাকা

(খ) সুন্দরবন।

২। (ক) সড়ক দুর্ঘটনা প্রতিকারের দাবি জানিয়ে পত্রিকায় প্রকাশ উপযোগী একটি চিঠি লেখো। ১০

অথবা,

(খ) রবীন্দ্রজয়ন্তী উদ্‌যাপন উপলক্ষ্যে একটি আমন্ত্রণপত্র লেখো।

৩। (ক) সারাংশ লেখো : ১০

অভাব আছে বলিয়া জগৎ বৈচিত্র্যময় হইয়াছে। অভাব না থাকিলে জীব-সৃষ্টি বৃথা হইত। অভাব আছে বলিয়া অভাব-পূরণে এত উদ্যম, এত উদ্যোগ। সংসার অভাবক্ষেত্র বলিয়া কর্মক্ষেত্র। অভাব না থাকিলে সকলেই স্থাণু-স্থবির হইত, মনুষ্যজীবন বিড়ম্বনাময় হইত। মহাজ্ঞানীগণ অপরের অভাব দূর করিতে সর্বদা ব্যস্ত। জগতে অভাব আছে বলিয়াই মানুষ সেবা করিবার সুযোগ পাইয়াছে। সেবা মানবজীবনের পরম ধর্ম। সুতরাং অভাব হইতেই সেবাধর্মের সৃষ্টি হইয়াছে। আর এ সেবাধর্মের দ্বারাই মানুষের মনুষ্যত্বসুলভ গুণ সার্থকতা লাভ করিয়াছে।

অথবা,

(খ) সারমর্ম লেখো :

শৈশবে সদুপদেশ যাহার না রোচে,
জীবনে তাহার কভু মূর্খতা না ঘোচে।
চৈত্র মাসে চাষ দিয়া না বোনে বৈশাখে,
কবে সেই হৈমন্তিক ধান্য পেয়ে থাকে?
সময় ছাড়িয়া দিয়া করে পণ্ডশ্রম,
ফল চাহে– সেও অতি নির্বোধ, অধম।
খেয়া-তরি চলে গেলে বসে এসে তীরে,
কীসে পার হবে, তরী না আসিলে ফিরে?

৪। যে-কোনো একটি ভাব-সম্প্রসারণ করো : ১০

(ক) বিদ্যার সঙ্গে সম্পর্কহীন জীবন অন্ধ এবং জীবনের সঙ্গে সম্পর্কহীন বিদ্যা পঙ্গু।

অথবা,

(খ) ভোগে নয়, ত্যাগেই মনুষ্যত্বের বিকাশ।

৫। (ক) বিদ্যালয়ে 'শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস' উদ্‌যাপন সম্পর্কিত একটি সংবাদ প্রতিবেদন লেখো। ১০

অথবা,

(খ) বৃক্ষরোপণবিষয়ক একটি সংবাদ প্রতিবেদন লেখো।

৬। যে-কোনো একটি বিষয়ে প্রবন্ধ রচনা করো : ২০

(ক) অদম্য অগ্রযাত্রায় বাংলাদেশ

(খ) কৃষি উদ্যোক্তা

(গ) বিশ্বকোষ

মডেল টেস্ট- ০৬

# গভ. ল্যাবরেটরি হাই স্কুল, ঢাকা

## বাংলা দ্বিতীয় পত্র : বহুনির্বাচনি অভীক্ষা

বিষয় কোড : 1 0 2

সময় : ৩০ মিনিট পূর্ণমান : ৩০

[দ্রষ্টব্য : সরবরাহকৃত নৈর্ব্যক্তিক অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. বিশেষ্য, বিশেষণ বা ধ্বন্যাত্মক শব্দের শেষে আ বা আনো প্রত্যয় যুক্ত হয়ে যে ক্রিয়া গঠিত হয়, তাকে কোন প্রকার ক্রিয়া বলে?**
ক অসমাপিকা ক্রিয়া খ সকর্মক ক্রিয়া
গ দ্বিকর্মক ক্রিয়া ঘ নামক্রিয়া

**২. 'যদি তোমরা আস তবে আমি রওনা দেব'– বাক্যটিতে কোন যোজকের ব্যবহার লক্ষণীয়?**
ক সাধারণ যোজক খ বিকল্প যোজক
গ বিরোধ যোজক ঘ সাপেক্ষ যোজক

**৩. কিছু একবচন শব্দ বহুবচন হওয়ার সময়ে কাঠামোগত পরিবর্তন ঘটায়।– এরূপ শব্দ কোনগুলো?**
ক ভাই-ভাইয়েরা খ আমি-আমরা
গ বই-বইগুলো ঘ লোক-লোকগুলো

**৪. বাক্যের মধ্যে অন্য শব্দের সাথে সম্পর্ক বোঝাতে কোন কোন পদের সঙ্গে অর্থহীন কিছু লগ্নক যুক্ত হয়?**
ক বিশেষ্য ও অব্যয় খ বিশেষণ ও সর্বনাম
গ বিশেষ্য ও সর্বনাম ঘ বিশেষ্য ও ক্রিয়া

**৫. অধিকরণ কারকে ক্রিয়ার কোনটি নির্দেশিত হয়?**
ক স্থান, প্রক্রিয়া, সংখ্যা ও ভাব খ স্থান, কাল, যোজক ও ভাব
গ স্থান, কাল, বিষয় ও ভাব ঘ উৎপন্ন, রক্ষিত, ভীত, বিচ্যুত

**৬. প্রত্যক্ষ থেকে পরোক্ষ উক্তিতে রূপান্তর করার সময় উদ্ধারচিহ্ন শুরু হওয়ার জায়গায় কোনটি বসাতে হবে?**
ক বিশেষ্য খ যোজক গ সর্বনাম ঘ অব্যয়

**৭. ঘনিষ্ঠভাবে সম্পর্কিত একাধিক বাক্যকে এক বাক্যে পরিণত করার কাজে অথবা একই ধরনের বর্গকে পাশাপাশি সাজাতে কোন যতিচিহ্নের ব্যবহার হয়?**
ক প্রশ্নচিহ্ন খ সেমিকোলন গ কমা ঘ দাঁড়ি

**৮. বহিপীর তাহেরাকে উদ্ধারের জন্য এবার ... চাল দিয়েছে।– খালিঘরের উপযুক্ত বাগ্‌ধারা কোনটি?**
ক কিস্তিমাত করা খ বুদ্ধির ঢেঁকি
গ অহি-নকুল ঘ অক্ষরে অক্ষরে

**৯. দুহিতা-এর প্রতিশব্দ গুচ্ছ কোনটি?**
ক নন্দিনী, তনয়া, ঝি, দৈবাৎ খ আজগুবি, তনয়া, ঝি, অস্বাভাবিক
গ আত্মজা, নন্দিনী, প্রমোদ, উল্লাস ঘ আত্মজা, নন্দিনী, তনয়া, ঝি

**১০. বেলে মাটি, পাথুরে মূর্তি– এখানে কোন জাতীয় বিশেষণ হয়েছে?**
ক পূরণবাচক খ গুণবাচক
গ অবস্থাবাচক ঘ উপাদানবাচক

**১১. বাংলা ভাষার লিখিত রূপের প্রাচীনতম নিদর্শন কোনটি?**
ক কৃষ্ণকীর্তন খ চণ্ডীমঙ্গল গ মঙ্গলকাব্য ঘ চর্যাপদ

**১২. ক্রিয়ামূলের সঙ্গে যেসব লগ্নক যুক্ত হয়ে ক্রিয়ার কাল ও পক্ষ নির্দেশিত হয়, সেগুলোকে বলে–**
ক ক্রিয়ার ভাব খ ক্রিয়ামূল গ ক্রিয়াবিভক্তি ঘ ক্রিয়াপদ

**১৩. ব্যঞ্জনবর্ণের কিছু সংক্ষিপ্ত রূপ অন্য ব্যঞ্জনের কোন দিকে অবস্থান করতে দেখা যায়?**
ক নিচে বা বাঁয়ে খ ডানে বা নিচে
গ নিচে ও ওপরে ঘ ডানে বা বাঁয়ে

**১৪. ধ্বনি উচ্চারণের সময় নিশ্বাস জোরে সংযোজিত হলে তাদের নাম কী?**
ক মহাপ্রাণ, অল্পপ্রাণ খ অঘোষ, ঘোষ
গ নাসিক্য ও ওষ্ঠ্য ঘ অল্পপ্রাণ ও নাসিক্য

**১৫. কোন শব্দের মধ্যে ম-ফলা থাকলে সেই বর্ণ উচ্চারণে দ্বিত্ব এবং সামান্য অনুনাসিক হয়েছে?**
ক পদ্ম খ যুগ্ম গ জন্ম ঘ গুল্ম

**১৬. মা, গাছ, শির, লতা-এ সব কিসের উদাহরণ?**
ক ধাতু ও শব্দ খ নাম প্রকৃতি গ মূল ও শব্দ ঘ লগ্নক ও অলগ্নক

**১৭. অনেক সময়ে শব্দের শুরুতে একসঙ্গে একাধিক উপসর্গ বসতে পারে।– এমন শব্দ কোনটি?**
ক অকাজ খ অতিকায় গ বিনির্মাণ ঘ অত্যাচার

**১৮. তদ্ধিত প্রত্যয়যুক্ত সাধিত শব্দকে কী বলে?**
ক নিজন্ত শব্দ খ কৃদন্ত শব্দ গ সাধিত শব্দ ঘ তদ্ধিতান্ত শব্দ

**১৯. পরীক্ষাসমূহের নিয়ন্ত্রক পরীক্ষার সময়-সংক্রান্ত সূচি স্কুল ও কলেজে পাঠানোর নির্দেশ দিয়েছেন। এখানে কয়টি পদকে সমাসবদ্ধ করা যায়?**
ক ২ খ ৩ গ ৪ ঘ ৫

**২০. অ/আ + অ/আ = আ সূত্রের উদাহরণ কোনটি?**
ক মহাশয় খ জনৈক গ অতীন্দ্রিয় ঘ নাবিক

**২১. শব্দদ্বিত্ব তিন ধরনের : যথা–**
ক অনুকার দ্বিত্ব, ধ্বন্যাত্মক দ্বিত্ব ও পুনরাবৃত্ত দ্বিত্ব
খ অনুকার দ্বিত্ব, পদের দ্বিত্ব ও পুনরাবৃত্ত দ্বিত্ব
গ অনুকার দ্বিত্ব, ধ্বন্যাত্মক দ্বিত্ব ও পুনরাবৃত্ত দ্বিত্ব
ঘ শব্দের দ্বিত্ব, ধ্বন্যাত্মক দ্বিত্ব ও পুনরাবৃত্ত দ্বিত্ব

**২২. কোন শব্দটি অপত্নীবাচক?**
ক মাতা খ শিক্ষিকা গ চাচি ঘ দাদি

**২৩. কোনটি সাধারণ অনুসর্গের উদাহরণ নয়?**
ক ভালো করে খেয়ে নাও খ মাথার উপরে নীল আকাশ
গ এমন কাজ তোমার দ্বারা হবে না
ঘ আজ বাংলাদেশ বনাম ভারতের খেলা

**২৪. উৎস বিবেচনায় নিচের কোন শব্দগুচ্ছ দেশি শব্দের?**
ক রেস্তোরাঁ, ডিঙি, হরতন খ পৃথিবী, আকাশ, গ্রহ
গ জিভ, দাঁত, হাতি ঘ পেট, চুলা, কুলা

**২৫. বাক্যে ব্যবহারের সময়ে বিশেষ্যের সঙ্গে কী কী যুক্ত হয়?**
ক বিভক্তি, নির্দেশক ও বচন খ বিশেষ্য, বিশেষণ ও সর্বনাম
গ অনুসর্গ, নির্দেশক ও বিশেষ্য ঘ বিশেষণ, অব্যয় ও ক্রিয়া

**২৬. সাকল্য/সকলবাচক সর্বনাম কোনগুলো?**
ক অপর, পর, অমুক খ কে, কারা, কাকে
গ সবাই, সকলে, সকলকে ঘ পরস্পর, নিজে, নিজেরা

**২৭. ক্রমবাচক সংখ্যাশব্দের এক বা একাধিক প্রতিশব্দ রয়েছে। এগুলো কখনো স্বতন্ত্রভাবে ব্যবহৃত হয়, কখনো সমাসবদ্ধ শব্দের পূর্বপদ হিসেবে ব্যবহৃত হয়।– 'দুই' সংখ্যাটির ক্ষেত্রে নিচের কোনটি সঠিক?**
ক দুই, দোসরা, ২ই খ দো, দুটি, দুই
গ দো, দ্বি, দু ঘ দোই, দ্বিতীয়, ২রা

**২৮. ভাষার কোন কোন উপাদান বিশ্লেষণের মাধ্যমে ব্যাকরণ ভাষার মধ্যকার সাধারণ মিল খুঁজে বের করে এবং সেগুলোকে সূত্র আকারে সাজায়?**
ক আবেগ, যোজক, রূপ ইত্যাদি খ ধ্বনি, শব্দ, নৃতত্ত্ব ইত্যাদি
গ বিন্যাস, শব্দ, বাক্য ইত্যাদি ঘ ধ্বনি, শব্দ, বাক্য ইত্যাদি

**২৯. কোন বাক্যে আতঙ্ক আবেগ ব্যবহৃত হয়েছে?**
ক বেশ, তবে যাওয়াই যাক খ নাহ, এতেও কাজ হলো না
গ কী ভয়ঙ্কর ছিল রাক্ষসটা ঘ ওর এখন কী হবে

**৩০. কোন বাক্যে ক্রিয়া কর্তাকে অনুসরণ করেছে?**
ক শিলা ও মিলা গান গাইছে খ পুলিশ কর্তৃক ডাকাত ধৃত হয়েছে
গ কোথা থেকে আসা হলো ঘ নেতা কর্তৃক সভা আহূত হয়েছে

■ **খালি ঘরগুলোতে পেনসিল দিয়ে উত্তরগুলো লেখো। এরপর প্রদত্ত উত্তরমালার সাথে মিলিয়ে দেখো তোমার উত্তরগুলো সঠিক কি না।**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | | ২ | | ৩ | | ৪ | | ৫ | | ৬ | | ৭ | | ৮ | | ৯ | | ১০ | | ১১ | | ১২ | | ১৩ | | ১৪ | | ১৫ | |
| | ১৬ | | ১৭ | | ১৮ | | ১৯ | | ২০ | | ২১ | | ২২ | | ২৩ | | ২৪ | | ২৫ | | ২৬ | | ২৭ | | ২৮ | | ২৯ | | ৩০ | |

# বগুড়া জিলা স্কুল

## বাংলা দ্বিতীয় পত্র : রচনামূলক প্রশ্ন

বিষয় কোড : 1 0 2

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট — পূর্ণমান : ৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশে উল্লেখিত সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। উত্তর প্রাসঙ্গিক হওয়া বাঞ্ছনীয়। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

১। যে-কোনো একটি বিষয়ে অনুচ্ছেদ লেখো : ১০

(ক) মুজিববর্ষ

(খ) পাঠাগার

২। (ক) তোমার নির্বাচনি পরীক্ষার প্রস্তুতির কথা জানিয়ে প্রবাসী পিতার নিকট একটি পত্র লেখো। ১০

অথবা,

(খ) ডেঙ্গুজ্বরের প্রাদুর্ভাব থেকে রক্ষার জন্য জেলা প্রশাসকের নিকট একটি আবেদনপত্র লেখো।

৩। (ক) সারাংশ লেখো : ১০

তুমি বসন্তের কোকিল, বেশ লোক। যখন ফুল ফোটে, দক্ষিণা বাতাস বহে এ সংসার সুখের স্পর্শে শিহরিয়া ওঠে, তখন তুমি আসিয়া রসিকতা আরম্ভ করো, আবার যখন দারুণ শীতে জীবলোকে থরথরি কম্প লাগে, তখন কোথায় থাকো বাপু! যখন শ্রাবণের ধারায় আমার চালাঘরে নদী বহে, যখন বৃষ্টির চোটে কাক, চিল ভিজিয়া গোময় হয়, তখন তোমার মাজা মাজা কালো দুলালী ধরনের শরীরখানি কোথায় থাকে? তুমি বসন্তের কোকিল, শীত, বর্ষার কেহ নও।

অথবা,

(খ) সারমর্ম লেখো :

বসুমতী, কেন তুমি এতই কৃপণা,
কত খোঁড়াখুঁড়ি করি পাই শস্যকণা।
দিতে যদি হয় দে মা, প্রসন্ন সহাস–
কেন এ মাথার ঘাম পায়েতে বহাস?
বিনা চাষে শস্য দিলে কী তাহাতে ক্ষতি?
শুনিয়া ঈষৎ হাসি কন বসুমতী,
'আমার গৌরব তাহে সামান্যই বাড়ে,
তোমার গৌরব তাহে নিতান্তই ছাড়ে।'

৪। যে-কোনো একটি ভাব-সম্প্রসারণ করো : ১০

(ক) আপনি আচরি ধর্ম শিখাও অপরে।

অথবা,

(খ) দুর্জন বিদ্বান হলেও পরিত্যাজ্য।

৫। (ক) মনে করো, তুমি রহিম। রংপুর জিলা স্কুলের দশম শ্রেণির একজন ছাত্র। তোমার বিদ্যালয়ে 'আন্তর্জাতিক মাতৃভাষা দিবস' উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানের বিবরণ দিয়ে প্রধান শিক্ষক বরাবর একটি প্রতিবেদন তৈরি করো। ১০

অথবা,

(খ) মনে করো, তুমি সাত্তার। 'দৈনিক করতোয়া' পত্রিকার রাজশাহী মহানগরের প্রতিনিধি। তোমার এলাকার সড়কের দুরবস্থা জানিয়ে একটি সংবাদ প্রতিবেদন প্রণয়ন করো।

৬। যে-কোনো একটি বিষয়ে প্রবন্ধ রচনা করো : ২০

(ক) কৃষিকাজে বিজ্ঞান

(খ) স্বদেশপ্রেম

(গ) পিতামাতার দায়িত্ব ও কর্তব্য

মডেল টেস্ট- ০৭

# উত্তরা হাই স্কুল এন্ড কলেজ, ঢাকা

## বাংলা দ্বিতীয় পত্র : বহুনির্বাচনি অভীক্ষা

বিষয় কোড : 1 0 2

সময় : ৩০ মিনিট — পূর্ণমান : ৩০

[**দ্রষ্টব্য :** সরবরাহকৃত নৈর্ব্যক্তিক অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. রামমোহন রায়ের 'গৌড়ীয় ব্যাকরণ' কত সালে প্রকাশিত হয়?**
ক) ১৭৪৩ সালে খ) ১৮০১ সালে
গ) ১৮২৬ সালে ঘ) ১৮৩৩ সালে

**২. মুখবিবরের ছাদকে কী বলা হয়?**
ক) তালু খ) আলজিভ
গ) মুর্ধা ঘ) কোমল তালু

**৩. ব্যঞ্জনবর্ণের বিকল্প রূপের নাম কী?**
ক) কারবর্ণ খ) অনুবর্ণ
গ) ফলা ঘ) রেফ

**৪. নিচের কোনটি দ্বিস্বরধ্বনি?**
ক) ই খ) আ
গ) কৈ ঘ) উ

**৫. তালব্য ধ্বনির উদাহরণ কোনগুলো?**
ক) ত, থ, দ খ) র, ল, স
গ) ট, ঠ, ড ঘ) চ, ছ, জ

**৬. 'এ' বর্ণের বিবৃত উচ্চারণের উদাহরণ হলো–**
ক) একটি খ) এবার গ) দেশ ঘ) খেলা

**৭. লগ্নক কয় প্রকার?**
ক) ৩ প্রকার খ) ৪ প্রকার
গ) ৫ প্রকার ঘ) ৬ প্রকার

**৮. বাংলা ভাষায় কতটি উপসর্গ আছে?**
ক) শতাধিক খ) ৫০টি
গ) অর্ধশতাধিক ঘ) অগণিত

**৯. 'নিন্দা' অর্থে প্রত্যয় যুক্ত হয়েছে কোন শব্দটিতে?**
ক) চোরা খ) কানাই গ) জেঠামি ঘ) বাঘা

**১০. উপমিত কর্মধারয় সমাসের উদাহরণ কোনটি?**
ক) চন্দ্রমুখ খ) কাজল কালো
গ) মনমাঝি ঘ) ঘিভাত

**১১. নিপাতনে সিদ্ধ সন্ধির উদাহরণ কোনটি?**
ক) গবাদি খ) নাবিক
গ) শয়ন ঘ) গবাক্ষ

**১২. নিচের কোনটিতে 'ইনী' প্রত্যয়যোগে নারীবাচক শব্দ হয়েছে?**
ক) যোগিনী খ) জেলেনী
গ) বেদেনী ঘ) বাঘিনী

**১৩. পূরণবাচক সংখ্যা শব্দ কয় প্রকার?**
ক) ২ প্রকার খ) ৩ প্রকার গ) ৪ প্রকার ঘ) ৫ প্রকার

**১৪. 'চাবি'–কোন ভাষার শব্দ?**
ক) পর্তুগিজ খ) ফারসি
গ) ফরাসি ঘ) ওলন্দাজ

**১৫. ক্রিয়া বিশেষ্য কোনটি?**
ক) শয়ন খ) দয়া
গ) ঝাঁক ঘ) আকাশ

**১৬. 'এগিয়ে চলা'– কোন ক্রিয়ার উদাহরণ?**
ক) সরল ক্রিয়া খ) প্রযোজক ক্রিয়া
গ) নাম ক্রিয়া ঘ) যৌগিক ক্রিয়া

**১৭. পদাণু ক্রিয়া বিশেষণের উদাহরণ কোনটি?**
ক) টিপটিপ বৃষ্টি পড়ছে খ) মিছিলটি সামনে এগিয়ে যায়
গ) আমি কি যাব? ঘ) সে এখন যাবে না।

**১৮. 'তাকে আসতে বললাম, তবু এলো না'– কোন যোজকের উদাহরণ?**
ক) সাধারণ যোজক খ) বিকল্প যোজক
গ) বিরোধ যোজক ঘ) সাপেক্ষ যোজক

**১৯. 'আহা! বেচারার এত কষ্ট'– এটি কোন আবেগের উদাহরণ?**
ক) বিরক্তি আবেগ খ) করুণা আবেগ
গ) আতঙ্ক আবেগ ঘ) বিস্ময় আবেগ

**২০. মানী পক্ষের বহুবচন করার সময়ে কোন লগ্নক যোগ হয়?**
ক) বর্গ খ) আবলি
গ) গুলো ঘ) রা

**২১. 'খুব সকালে ঘুম থেকে উঠতাম'– কোন অতীতের উদাহরণ?**
ক) সাধারণ অতীত খ) ঘটমান অতীত
গ) পুরাঘটিত অতীত ঘ) নিত্য অতীত

**২২. বাক্যের বিধেয় অংশে ক্রিয়া থাকা না থাকা বিবেচনায় বাক্যকে কত ভাগে ভাগ করা যায়?**
ক) দুই খ) তিন গ) চার ঘ) পাঁচ

**২৩. বিধেয় অংশের ক্রিয়া সাধারণত–**
ক) বিশেষ্য বর্গ খ) বিশেষণ বর্গ
গ) ক্রিয়া বিশেষণ বর্গ ঘ) ক্রিয়া বর্গ

**২৪. 'যদি তুমি যাও, তবে তার দেখা পাবে'– এটি কোন বাক্যের উদাহরণ?**
ক) সরল বাক্য খ) জটিল বাক্য
গ) যৌগিক বাক্য ঘ) সাপেক্ষ বাক্য

**২৫. 'শিক্ষককে জানাও'– বাক্যে 'শিক্ষক'-কে কোন কারক?**
ক) কর্তা খ) কর্ম
গ) করণ ঘ) অধিকরণ

**২৬. যে বাক্যের ক্রিয়া বিশেষ্য বাক্যের ক্রিয়াকে নিয়ন্ত্রণ করে, তাকে কোন বাচ্য বলে?**
ক) কর্তৃবাচ্য খ) কর্মবাচ্য গ) ভাববাচ্য ঘ) কর্ম কর্তৃবাচ্য

**২৭. অর্থের সংগতি রাখার জন্য বাক্যে কোন পদের পরিবর্তন করতে হয়?**
ক) বিশেষ্য খ) বিশেষণ
গ) সর্বনাম ঘ) ক্রিয়া

**২৮. শব্দসংক্ষেপ ও ক্রম নির্দেশ করতে কোন যতিচিহ্ন ব্যবহৃত হয়?**
ক) বিন্দু খ) ত্রিবিন্দু গ) বিকল্পচিহ্ন ঘ) কোলন

**২৯. 'কান ভাঙানো'– অর্থ কী?**
ক) কুপরামর্শ খ) সুপরামর্শ
গ) গোপন কথা ঘ) কপটতা

**৩০. 'সুধাকর'– কোন শব্দের প্রতিশব্দ?**
ক) বাতাস খ) সমুদ্র
গ) চাঁদ ঘ) সূর্য

■ **খালি ঘরগুলোতে পেনসিল দিয়ে উত্তরগুলো লেখো। এরপর প্রদত্ত উত্তরমালার সাথে মিলিয়ে দেখো তোমার উত্তরগুলো সঠিক কি না।**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | | ২ | | ৩ | | ৪ | | ৫ | | ৬ | | ৭ | | ৮ | | ৯ | | ১০ | | ১১ | | ১২ | | ১৩ | | ১৪ | | ১৫ | |
| | ১৬ | | ১৭ | | ১৮ | | ১৯ | | ২০ | | ২১ | | ২২ | | ২৩ | | ২৪ | | ২৫ | | ২৬ | | ২৭ | | ২৮ | | ২৯ | | ৩০ | |

# দিনাজপুর জিলা স্কুল

## বাংলা দ্বিতীয় পত্র : রচনামূলক প্রশ্ন

বিষয় কোড : 1 0 2

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট

পূর্ণমান : ৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশে উল্লেখিত সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। উত্তর প্রাসঙ্গিক হওয়া বাঞ্ছনীয়। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

১। যে-কোনো একটি বিষয়ে অনুচ্ছেদ লেখো : ১০

(ক) স্বাধীনতা দিবস

(খ) বৈশাখী মেলা।

২। (ক) মনে করো, তুমি তাহমিদ, বগুড়ায় থাকো। ডাকযোগে পুস্তক পাঠানোর অনুরোধ জানিয়ে একটি স্বনামধন্য প্রকাশনীর বিক্রয় কর্মকর্তার কাছে একটি আবেদনপত্র লেখো। ১০

অথবা,

(খ) মনে করো, তুমি পার্থ। তুমি দিনাজপুর জিলা স্কুলের দশম শ্রেণির ছাত্র এবং সাংস্কৃতিক সম্পাদক। তোমার বিদ্যালয়ে রবীন্দ্রজয়ন্তী উদ্‌যাপন উপলক্ষ্যে একটি আমন্ত্রণপত্র লেখো।

৩। (ক) সারাংশ লেখো : ১০

বিদ্যা মানুষের মূল্যবান সম্পদ, সে বিষয়ে সন্দেহ নেই। কিন্তু চরিত্র তদপেক্ষাও অধিকতর মূল্যবান। অতএব কেবল বিদ্বান বলিয়াই কোনো লোক সমাদর লাভের যোগ্য বলিয়া বিবেচিত হইতে পারে না। চরিত্রহীন ব্যক্তি যদি নানা বিদ্যায় আপনার জ্ঞানভান্ডার পূর্ণ করিয়াও থাকে, তথাপি তাহার সঙ্গ পরিত্যাগ করাই শ্রেয়। প্রবাদ আছে যে, কোনো কোনো বিষধর সর্পের মস্তকে মণি থাকে। মণি মহামূল্যবান পদার্থ বটে, কিন্তু তাই বলিয়া যেমন মণি লাভের নিমিত্ত বিষধর সর্পের সাহচর্য করা বুদ্ধিমানের কার্য নহে, সেইরূপ বিদ্যা আদরণীয় হইলেও বিদ্যালাভের নিমিত্ত বিদ্বান দুর্জনের নিকট গমন বিধেয় নহে।

অথবা,

(খ) সারমর্ম লেখো :

দৈন্য যদি আসে, আসুক, লজ্জা কিবা তাহে?
মাথা উঁচু রাখিস।
সুখের সাথি মুখের পানে যদি নাহি চাহে,
ধৈর্য ধরে থাকিস।
রুদ্ররূপে তীব্র দুঃখ যদি আসে নেমে,
বুক ফুলিয়ে দাঁড়াস,
আকাশ যদি বজ্র নিয়ে মাথায় পড়ে ভেঙে,
ঊর্ধ্বে দু'হাত বাড়াস।

৪। যে-কোনো একটি ভাব-সম্প্রসারণ করো : ১০

(ক) মানুষ বাঁচে তার কর্মের মধ্যে বয়সের মধ্যে নয়।

অথবা,

(খ) অন্যায় যে করে আর অন্যায় যে সহে
তব ঘৃণা যেন তারে তৃণসম দহে।

৫। (ক) মনে করো, তুমি প্রণব। 'দৈনিক ইত্তেফাক' পত্রিকার দিনাজপুর প্রতিনিধি। তোমার এলাকার সড়কের দুরবস্থার বিবরণ দিয়ে একটি সংবাদ প্রতিবেদন তৈরি করো। ১০

অথবা,

(খ) মনে করো, তুমি তৌসিফ। তুমি 'দৈনিক প্রথম আলো' পত্রিকার প্রতিনিধি। পরিবেশগত ভারসাম্য রক্ষার জন্য বৃক্ষরোপণের গুরুত্ব বর্ণনা করে একটি সংবাদ প্রতিবেদন রচনা করো।

৬। যে-কোনো একটি বিষয়ে প্রবন্ধ রচনা করো : ২০

(ক) বাংলাদেশের মুক্তিযুদ্ধ

(খ) মাদকাসক্তি ও এর প্রতিকার

(গ) বাংলাদেশের পর্যটনশিল্প

মডেল টেস্ট- ০৮

# গভ. ল্যাবরেটরি হাই স্কুল, রাজশাহী

## বাংলা দ্বিতীয় পত্র : বহুনির্বাচনি অভীক্ষা

বিষয় কোড : 1 0 2

সময় : ৩০ মিনিট পূর্ণমান : ৩০

[দ্রষ্টব্য : সরবরাহকৃত নৈর্ব্যক্তিক অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. নিচের বাংলা ভাষার বিবর্তনে কোন ধারাক্রমটি সঠিক?**
ক ইন্দো-ইরানীয়→ইন্দো ইউরোপীয়→ভারতীয় আর্য→প্রাকৃত→বাংলা
খ ইন্দো ইউরোপীয়→ইন্দো-ইরানীয়→প্রাকৃত→ভারতীয় আর্য→বাংলা
গ ইন্দো ইউরোপীয়→ইন্দো-ইরানীয়→ভারতীয় আর্য→প্রাকৃত→বাংলা
ঘ ইন্দো ইউরোপীয়→ইন্দো-ইরানীয়→ভারতীয় আর্য→বাংলা→প্রাকৃত

**২. বাক্যের ব্যঞ্জনা ব্যাকরণের কোন অংশে আলোচিত হয়?**
ক ধ্বনিতত্ত্ব খ রূপতত্ত্ব গ বাক্যতত্ত্ব ঘ অর্থতত্ত্ব

**৩. পূর্বি উপভাষাটি কোন অঞ্চলে প্রচলিত?**
ক বাংলাদেশের রংপুর অঞ্চল খ আসামের বরাক অঞ্চল
গ বাংলাদেশের দক্ষিণ অঞ্চল ঘ বিহারের পূর্ব অঞ্চল

**৪. অর্ধ-বিবৃত ধ্বনি কোনটি?**
ক উ খ এ গ অ ঘ ও

**৫. পার্শ্বিক ব্যঞ্জনধ্বনির উদাহরণ কোনটি?**
ক ল খ ঠ গ শ ঘ ঝ

**৬. 'শ' বর্ণের উচ্চারণ কখনো 'স'-এর মতো উচ্চারিত হয়। এর উদাহরণ কোনটি?**
ক শসা খ শ্রদ্ধা গ শাস্ত্র ঘ শত

**৭. নিচের কোন শব্দটি বলকযুক্ত?**
ক ভালোটুকু খ তখনই গ বইগুলো ঘ করলাম

**৮. সদৃশ অর্থে কোন শব্দটি ব্যবহার হয়েছে?**
ক প্রতিধ্বনি খ উপকূল গ আখাম্বা ঘ নিখাদ

**৯. যুক্ত অর্থে কোন শব্দটি ব্যবহৃত হয়েছে?**
ক জমিদারি খ টেকো গ গেঁয়ো ঘ বেতো

**১০. সন্নিহিত অনুসর্গ লোপ পাওয়া তৎপুরুষ সমাসের উদাহরণ কোনটি?**
ক মধুমাখা খ তেলেভাজা গ গাছপাকা ঘ মামাবাড়ি

**১১. বিসর্গ 'ঘ' হয়ে যায় নিচের কোনটিতে?**
ক দুঃ + কর খ নিঃ + হয়
গ পুরঃ + কার ঘ আশীঃ + বাদ

**১২. শব্দদ্বিত্বে দ্বিতীয় শব্দটিতে কোন ধ্বনিগুলো যুক্ত করে শব্দকে খানিকটা গুরুত্বহীন করা হয়?**
ক ট, ফ, ম, র খ ফ, ব, ম, হ
গ ব, ম, শ, ন ঘ ফ, ব, ম, শ

**১৩. 'নি' প্রত্যয়যোগে নারীবাচক শব্দ কোনটি?**
ক বেদেনি খ বাঘিনি গ কাঙালিনি ঘ যোগিনী

**১৪. সাধারণ পূরণবাচক সংখ্যা কোনটি?**
ক চৌদ্দ খ ১০ই গ বিশে ঘ তেরোই

**১৫. নিচের কোনটি ফারসি শব্দ?**
ক আদালত খ আলপিন গ আমদানি ঘ কুপন

**১৬. শ্রোতাপক্ষ ও অন্যপক্ষের সর্বনামকে কয় ভাগে ভাগ করা যায়?**
ক দুই খ তিন গ পাঁচ ঘ নয়

**১৭. যেসব বিশেষণ বাক্যের অন্তর্গত অন্য বিশেষণকে বিশেষিত করে, তাকে কোন বিশেষণ বলে?**
ক গুণবাচক খ অবস্থাবাচক
গ ভাববাচক ঘ নির্দিষ্টতাবাচক

**১৮. নামক্রিয়ার উদাহরণ কোনটি?**
ক চমকানো খ খেলছে
গ ভাঙন ধরা ঘ করাচ্ছেন

**১৯. পদাণু ক্রিয়াবিশেষণযুক্ত বাক্য কোনটি?**
ক টিপটিপ বৃষ্টি পড়ছে খ যথাসময়ে সে হাজির হয়
গ তিনি বেড়াতে যাননি ঘ মরি তো মরব

**২০. লগ্নক কোন পদের সাথে যুক্ত হয়?**
ক সর্বনাম খ ক্রিয়া
গ বিশেষণ ঘ ক্রিয়া বিশেষণ

**২১. বিকল্প যোজক আছে কোন বাক্যে?**
ক জিনিসের দাম বেড়েছে তাই চাহিদা বেশি
খ যদি রোদ ওঠে তবে রওনা দেব
গ লাল বা নীল রং কর
ঘ তাকে আসতে বললাম তবু এলো না

**২২. সাধারণত আবেগজাতীয় শব্দ কয় ধরনের?**
ক পাঁচ খ ছয় গ সাত ঘ আট

**২৩. লগ্নক কোন পদের সাথে যুক্ত হয়?**
ক সর্বনাম খ ক্রিয়া
গ বিশেষণ ঘ ক্রিয়াবিশেষণ

**২৪. সাধারণ অতীত কালের ক্রিয়ার বিশিষ্ট প্রয়োগ হয়েছে কোন বাক্যটিতে?**
ক তোমরা হয়তো ভাষা আন্দোলনের কথা শুনে থাকবে
খ যদি বৃষ্টি হতো, সবাই মিলে খিচুড়ি খেতাম
গ সবাই যেন সভায় হাজির থাকে
ঘ আমি গত বছর পরীক্ষা দিয়েছি

**২৫. কোন বাক্যে ক্রিয়াবিশেষণ-বর্গের ব্যবহার হয়েছে?**
ক আমার ভাই পড়তে বসেছে
খ আমটা দেখতে ভারি সুন্দর
গ সকাল আটটার সময়ে সে রওনা হলো
ঘ সে লিখছে আর হাসছে

**২৬. অজীব বিশেষ্যও অনেক সময় কর্তার ভূমিকা গ্রহণ করে। এর প্রয়োগ ঘটেছে কোন বাক্যটিতে?**
ক চিঠিটা পড়া হয়েছে খ শরতে শিউলি ফোটে
গ ওখানে কেন গেলে ঘ কোথা থেকে আসা হলো

**২৭. বাক্যের প্রথম অংশের কোনো উক্তিকে দ্বিতীয় অংশে ব্যাখ্যা করার জন্য কোন চিহ্ন ব্যবহার করা হয়?**
ক কোলন খ সেমিকোলন গ কমা ঘ হাইফেন

**২৮. নিচের কোন অর্থটি 'গড্ডলিকা প্রবাহ' বাগ্‌ধারাটির সঠিক অর্থ প্রকাশ করে?**
ক অন্ধ অনুকরণ খ ফাঁকির মনোভাব
গ অপরের বিষয়ে হস্তক্ষেপ ঘ নষ্ট হওয়া

**২৯. 'জীমূত' শব্দের সঠিক প্রতিশব্দ কোনটি?**
ক মৃত্যু খ মেঘ গ সমুদ্র ঘ বায়ু

**৩০. নিচের কোনটি অধিকরণ কারকের উদাহরণ?**
ক জমিতে ফসল আছে খ জমি থেকে ফসল পাই
গ ফুলের গন্ধে ঘুম আসে না ঘ অসহায়কে সাহায্য করো

■ **খালি ঘরগুলোতে পেনসিল দিয়ে উত্তরগুলো লেখো। এরপর প্রদত্ত উত্তরমালার সাথে মিলিয়ে দেখো তোমার উত্তরগুলো সঠিক কি না।**

| উত্তর | ১ | | ২ | | ৩ | | ৪ | | ৫ | | ৬ | | ৭ | | ৮ | | ৯ | | ১০ | | ১১ | | ১২ | | ১৩ | | ১৪ | | ১৫ | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১৬ | | ১৭ | | ১৮ | | ১৯ | | ২০ | | ২১ | | ২২ | | ২৩ | | ২৪ | | ২৫ | | ২৬ | | ২৭ | | ২৮ | | ২৯ | | ৩০ | |

# রংপুর জিলা স্কুল

## বাংলা দ্বিতীয় পত্র : রচনামূলক প্রশ্ন

বিষয় কোড : 1 0 2

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট পূর্ণমান : ৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশে উল্লেখিত সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। উত্তর প্রাসঙ্গিক হওয়া বাঞ্ছনীয়। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

১। যে-কোনো একটি বিষয়ে অনুচ্ছেদ লেখো : ১০

(ক) বইমেলা

(খ) সুন্দরবন।

২। (ক) মনে করো, তুমি রাজশাহীর সেলিম। সম্প্রতি পড়া বই সম্পর্কে মতামত জানিয়ে তোমার খুলনার বন্ধু হাফিজের কাছে একটি পত্র লেখো। ১০

অথবা,

(খ) মনে করো, তুমি মাহিব, পাবনা জেলা স্কুলের দশম শ্রেণির শিক্ষার্থী। ইতিহাসখ্যাত কোনো স্থানে শিক্ষাসফরে যাওয়ার অনুমতি প্রার্থনা করে তোমার বিদ্যালয়ের প্রধান শিক্ষকের কাছে একটি আবেদনপত্র লেখো।

৩। (ক) সারাংশ লেখো : ১০

অভাব আছে বলিয়া জগৎ বৈচিত্র্যময় হইয়াছে। অভাব না থাকিলে জীব-সৃষ্টি বৃথা হইত। অভাব আছে বলিয়া অভাব-পূরণে এত উদ্যম, এত উদ্যোগ। সংসার অভাবক্ষেত্র বলিয়া কর্মক্ষেত্র। অভাব না থাকিলে সকলেই স্থাণু-স্থবির হইত, মনুষ্যজীবন বিড়ম্বনাময় হইত। মহাজ্ঞানীগণ অপরের অভাব দূর করিতে সর্বদা ব্যস্ত। জগতে অভাব আছে বলিয়াই মানুষ সেবা করিবার সুযোগ পাইয়াছে। সেবা মানবজীবনের পরম ধর্ম। সুতরাং অভাব হইতেই সেবাধর্মের সৃষ্টি হইয়াছে। আর এ সেবাধর্মের দ্বারাই মানুষের মনুষ্যত্বসুলভ গুণ সার্থকতা লাভ করিয়াছে।

অথবা,

(খ) সারমর্ম লেখো :

দৈন্য যদি আসে, আসুক, লজ্জা কিবা তাহে?
মাথা উঁচু রাখিস।
সুখের সাথি মুখের পানে যদি নাহি চাহে,
ধৈর্য ধরে থাকিস।
রুদ্ররূপে তীব্র দুঃখ যদি আসে নেমে,
বুক ফুলিয়ে দাঁড়াস,
আকাশ যদি বজ্র নিয়ে মাথায় পড়ে ভেঙে,
ঊর্ধ্বে দু'হাত বাড়াস।

৪। যে-কোনো একটি ভাব-সম্প্রসারণ করো : ১০

(ক) ভোগে নয়, ত্যাগেই মনুষ্যত্বের বিকাশ।

অথবা,

(খ) যে নদী হারায়ে স্রোত চলিতে না পারে
সহস্র শৈবালদাম বাঁধে আসি তারে;
যে জাতি জীবনহারা অচল অসাড়
পদে পদে বাঁধে তারে জীর্ণ লোকাচার।

৫। যে-কোনো একটি বিষয়ে প্রতিবেদন রচনা করো : ১০

(ক) মনে করো, তুমি জালাল, কুমিল্লা জিলা স্কুলের দশম শ্রেণির শিক্ষার্থী। তোমাদের বিদ্যালয়ের পাঠাগার জরিপ করে প্রধান শিক্ষক বরাবর একটি প্রতিবেদন তৈরি করো।

অথবা,

(খ) মনে করো, তুমি রাহান, 'দৈনিক প্রথম আলো' পত্রিকার বগুড়া অঞ্চলের প্রতিনিধি। সম্প্রতি দেশে সড়ক দুর্ঘটনা বেড়ে যাওয়ার কারণ ও প্রতিকার সম্পর্কে পত্রিকায় প্রকাশের জন্য একটি প্রতিবেদন রচনা করো।

৬। যে-কোনো একটি বিষয়ে প্রবন্ধ রচনা করো : ২০

(ক) সময়ানুবর্তিতা

(খ) বাংলাদেশের প্রাকৃতিক দুর্যোগ

(গ) মাদকাসক্তি ও এর প্রতিকার।

মডেল টেস্ট- ০৯

# বিএএফ শাহীন কলেজ, চট্টগ্রাম

## বাংলা দ্বিতীয় পত্র : বহুনির্বাচনি অভীক্ষা

বিষয় কোড : 1 0 2

সময় : ৩০ মিনিট পূর্ণমান : ৩০

[দ্রষ্টব্য : সরবরাহকৃত নৈর্ব্যক্তিক অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. শব্দ ও ধাতুর পরে অর্থহীন যেসব শব্দাংশ যুক্ত হয়ে নতুন শব্দ তৈরি হয়, সেগুলোকে কী বলে?**
ক) উপসর্গ খ) প্রত্যয় গ) বিভক্তি ঘ) লগ্নক

**২. কোনটি সবচেয়ে সক্রিয় বা সচল বাক্প্রত্যঙ্গ?**
ক) দাঁত খ) নাক গ) ওষ্ঠ ঘ) জিভ

**৩. কোন বাক্যে স্থানবাচক ক্রিয়াবিশেষণ ব্যবহৃত হয়েছে?**
ক) টিপটিপ বৃষ্টি পড়ছে খ) যথাসময়ে সে হাজির হয়
গ) মিছিলটি সামনে এগিয়ে যায় ঘ) মেয়েটি গুনগুনিয়ে গান করে

**৪. মেঘে বৃষ্টি হয়– 'মেঘে' কোন কারকে কোন বিভক্তি?**
ক) অধিকরণে শূন্য খ) অপাদানে ৭মী
গ) করণে ৭মী ঘ) কর্তায় ৭মী

**৫. নিচের কোনটি ভাববাচ্যের উদাহরণ?**
ক) বইটি পড়া হয়েছে খ) বসন্তে কোকিল ডাকে
গ) শিশিরের যাওয়া হলো না ঘ) আমটি পাড়া হয়েছে

**৬. সাজিদ বলল, 'আমি এক্ষুনি আসছি'–এর পরোক্ষ উক্তি কোনটি?**
ক) সাজিদ বলল যে, সে এখনই আসছে
খ) সাজিদ বলল সে এক্ষুনি আসছে
গ) সাজিদ বলল সে তক্ষুনি আসছে
ঘ) সাজিদ বলল সে তক্ষুনি যাচ্ছে

**৭. 'খয়ের খাঁ'– বাগ্‌ধারাটির অর্থ কোনটি?**
ক) চাটুকার খ) পক্ষপাতদুষ্ট
গ) বুদ্ধিমান ঘ) চরিত্রহীন

**৮. নিচের কোনটি রূপক কর্মধারয়ের উদাহরণ?**
ক) কাজল কালো খ) বিষাদসিন্ধু
গ) তুষারশুভ্র ঘ) চাঁদমুখ

**৯. 'সদৃশ' অর্থে 'প্রতি' উপসর্গটি যুক্ত হয়েছে কোন শব্দে?**
ক) প্রতিদান খ) প্রতিবাদ
গ) প্রতিমূর্তি ঘ) প্রতিদিন

**১০. শব্দ ও ধাতুর পরে অর্থহীন যেসব শব্দাংশ যুক্ত হয়ে নতুন শব্দ তৈরি হয় সেগুলোকে কী বলে?**
ক) প্রত্যয় খ) বিভক্তি গ) উপসর্গ ঘ) সমাস

**১১. শ, ষ, স, হ-এ চারটি বর্ণকে কী বলা হয়?**
ক) স্পর্শ বর্ণ খ) নাসিক্যবর্ণ
গ) উষ্মবর্ণ ঘ) মূর্ধন্যবর্ণ

**১২. প্রমিত রীতির প্রচলন কোন শতকে?**
ক) উনবিংশ খ) বিংশ গ) একবিংশ ঘ) অষ্টাদশ

**১৩. মানুষের কণ্ঠনিঃসৃত বাক্ সংকেতের সংগঠনকে কী বলে?**
ক) ধ্বনি খ) শব্দ গ) বাক্য ঘ) ভাষা

**১৪. 'বাগ্‌যন্ত্র' ব্যাকরণের কোন অংশের আলোচ্য বিষয়?**
ক) ধ্বনিতত্ত্ব খ) শব্দতত্ত্ব
গ) বাক্যতত্ত্ব ঘ) অর্থতত্ত্ব

**১৫. পদের অংশ নয় কোনটি?**
ক) বচন খ) নির্দেশক
গ) বিভক্তি ঘ) উপসর্গ

**১৬. নিচের কোন প্রকৃতি-প্রত্যয়ের বিশ্লেষণটি সঠিক?**
ক) দৃশ্য + অনীয় খ) পঠ্ + ঈত
গ) মিশর + ইয় ঘ) দৃষ্টি + য

**১৭. নিপাতনে সিদ্ধ ব্যঞ্জনসন্ধি কোনটি?**
ক) বৃহস্পতি খ) ষষ্ঠ
গ) নাবিক ঘ) নিষ্কর

**১৮. 'পরীক্ষা'-এর সঠিক সন্ধিবিচ্ছেদ কোনটি?**
ক) পরি + ইক্ষা খ) পরী + ঈক্ষা
গ) পরী + ইক্ষা ঘ) পরি + ঈক্ষা

**১৯. প্রাচীন আর্যভাষা থেকে বিবর্তিত শব্দকে কী বলে?**
ক) সংস্কৃত খ) দেশি
গ) তদ্ভব ঘ) বিদেশি

**২০. দুই পক্ষের সহযোগিতা বা নির্ভরতা বোঝাতে কোন ধরনের সর্বনাম ব্যবহৃত হয়?**
ক) সাকল্যবাচক খ) পারস্পরিক
গ) নির্দেশক ঘ) সাপেক্ষ

**২১. 'দীর্ঘদিন ধরে নির্মাণকাজ চলছে'– এখানে 'ধরে' কী ধরনের শব্দ?**
ক) বিভক্তি খ) লগ্নক গ) অনুসর্গ ঘ) যোজক

**২২. বিধেয় অংশের বিশেষ্য অংশকে বলে–**
ক) পূরক খ) প্রসারক গ) বলক ঘ) লগ্নক

**২৩. 'নিয়মিত সাঁতার কাটো, স্বাস্থ্য ভালো থাকবে'– কোন ধরনের বাক্য নির্দেশ করে?**
ক) সরল খ) জটিল
গ) যৌগিক ঘ) মিশ্র

**২৪. কোনটির ক্রিয়ার সঙ্গে সরাসরি সম্পর্ক নেই?**
ক) কর্মকারক খ) সম্বন্ধকারক
গ) অধিকরণ ঘ) করণকারক

**২৫. 'তিলে তৈল হয়'– 'তিলে' কোন কারকে কোন বিভক্তি?**
ক) করণে শূন্য খ) অপাদানে ৭মী
গ) অপাদানে শূন্য ঘ) কর্মে ৭মী

**২৬. দুটি অধীন বাক্যের মধ্যে অর্থগত নৈকট্য বোঝাতে কোনটি ব্যবহৃত হয়?**
ক) কোলন খ) সেমিকোলন
গ) ড্যাশ ঘ) হাইফেন

**২৭. বাক্য অসম্পূর্ণ রেখে প্রসঙ্গের সাথে মিল রেখে আরেক তথ্য জ্ঞাপনের সময় কোন চিহ্ন ব্যবহৃত হয়?**
ক) ড্যাশ খ) হাইফেন গ) কোলন ঘ) কোলন-ড্যাশ

**২৮. 'মানিক জোড়'-এর বিপরীতার্থক বাগ্‌ধারা প্রকাশ পেয়েছে কোনটিতে?**
ক) বিড়াল তপস্বী খ) আদায় কাঁচকলায়
গ) ইঁচড়ে পাকা ঘ) মণিকাঞ্চনযোগ

**২৯. নিচের কোনটি 'বাতাস' শব্দটির সমার্থক?**
ক) হেম খ) অনিল গ) অহি ঘ) পাবক

**৩০. কর্তাবাচ্যের বাক্যকে ভাববাচ্যে রূপান্তরিত করতে কোন পদ প্রভাবিত করে?**
ক) বিশেষ্য খ) ক্রিয়া গ) ক্রিয়াবিশেষ্য ঘ) সর্বনাম

■ **খালি ঘরগুলোতে পেনসিল দিয়ে উত্তরগুলো লেখো। এরপর প্রদত্ত উত্তরমালার সাথে মিলিয়ে দেখো তোমার উত্তরগুলো সঠিক কি না।**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | | ২ | | ৩ | | ৪ | | ৫ | | ৬ | | ৭ | | ৮ | | ৯ | | ১০ | | ১১ | | ১২ | | ১৩ | | ১৪ | | ১৫ | |
| | ১৬ | | ১৭ | | ১৮ | | ১৯ | | ২০ | | ২১ | | ২২ | | ২৩ | | ২৪ | | ২৫ | | ২৬ | | ২৭ | | ২৮ | | ২৯ | | ৩০ | |

# কুমিল্লা জিলা স্কুল

## বাংলা দ্বিতীয় পত্র : রচনামূলক প্রশ্ন

বিষয় কোড : 1 0 2

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট — পূর্ণমান : ৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশে উল্লেখিত সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। উত্তর প্রাসঙ্গিক হওয়া বাঞ্ছনীয়। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

১। যে-কোনো একটি বিষয়ে অনুচ্ছেদ লেখো : ১০

(ক) বইমেলা

(খ) মোবাইল ফোন

২। (ক) মনে করো, তুমি ফরহাদ। তুমি কুমিল্লা জিলা স্কুলের দশম শ্রেণির শিক্ষার্থী। সম্প্রতি তুমি একটি বই পড়েছ। এ বই সম্পর্কে তোমার মতামত ও লেখককে অভিনন্দন জানিয়ে একখানা চিঠি লেখো। ১০

অথবা,

(খ) মনে করো, তুমি বোরহান। তুমি কুমিল্লা জেলার বাসিন্দা। সড়ক দুর্ঘটনার প্রতিকারের বিষয় জানিয়ে জাতীয় দৈনিক পত্রিকায় প্রকাশ উপযোগী একটি চিঠি লেখো।

৩। (ক) সারাংশ লেখো : ১০

অভ্যাস ভয়ানক জিনিস। একে হঠাৎ স্বভাব থেকে তুলে ফেলা কঠিন। মানুষ হবার সাধনাতেও তোমাকে সহিষ্ণু হতে হবে। সত্যবাদী হতে চাও? তাহলে ঠিক করো সপ্তাহে অন্তত একদিন তুমি মিথ্যা বলবে না। ছয় মাস ধরে এমনি করে নিজে সত্য কথা বলতে অভ্যাস করো। তারপর এক শুভ দিনে আর একবার প্রতিজ্ঞা করো, সপ্তাহে তুমি দুই দিন মিথ্যা বলবে না। এক বছর পরে দেখবে সত্য কথা বলা তোমার কাছে অনেকটা সহজ হয়ে পড়েছে। সাধনা করতে করতে এমন একদিন আসবে, তখন ইচ্ছা করলেও মিথ্যা বলতে পারবে না। নিজেকে মানুষ করার চেষ্টায় পাপ ও প্রবৃত্তির সঙ্গে সংগ্রামে তুমি হঠাৎ জয়ী হতে কখনও ইচ্ছা করো না। তাহলে সব পণ্ড হবে।

অথবা,

(খ) সারমর্ম লেখো :

দৈন্য যদি আসে, আসুক, লজ্জা কিবা তাহে?<br>
মাথা উঁচু রাখিস।<br>
সুখের সাথি মুখের পানে যদি নাহি চাহে,<br>
ধৈর্য ধরে থাকিস।<br>
রুদ্ররূপে তীব্র দুঃখ যদি আসে নেমে,<br>
বুক ফুলিয়ে দাঁড়াস,<br>
আকাশ যদি বজ্র নিয়ে মাথায় পড়ে ভেঙে,<br>
ঊর্ধ্বে দু'হাত বাড়াস।

৪। যে-কোনো একটি ভাব-সম্প্রসারণ করো : ১০

(ক) প্রাণ থাকলেই প্রাণী হয়, কিন্তু মন না থাকলে মানুষ হয় না।

অথবা,

(খ) গ্রন্থগত বিদ্যা আর পরহস্তে ধন,<br>
নহে বিদ্যা নহে ধন হলে প্রয়োজন।

৫। (ক) তোমার বিদ্যালয়ে নবীনবরণ ও বিদায়-সংবর্ধনা অনুষ্ঠান সম্পর্কে পত্রিকায় প্রকাশ উপযোগী একটি সংবাদ প্রতিবেদন প্রণয়ন করো। ১০

অথবা,

(খ) মনে করো, তুমি সুজন। তুমি একটি জাতীয় দৈনিক পত্রিকার জেলা প্রতিনিধি। মহান একুশে ফেব্রুয়ারি ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষ্যে আয়োজিত সুন্দর হাতের লেখা প্রতিযোগিতা বিষয়ক একটি সংবাদ প্রতিবেদন প্রণয়ন করো।

৬। যে-কোনো একটি বিষয়ে প্রবন্ধ রচনা করো : ২০

(ক) বাংলাদেশের পর্যটনশিল্প

(খ) সময়ানুবর্তিতা

(গ) মাদকাসক্তি ও এর প্রতিকার।

মডেল টেস্ট-১০

# সিলেট সরকারি পাইলট উচ্চ বিদ্যালয়

## বাংলা দ্বিতীয় পত্র : বহুনির্বাচনি অভীক্ষা

বিষয় কোড : 1 0 2

সময় : ৩০ মিনিট পূর্ণমান : ৩০

[দ্রষ্টব্য : সরবরাহকৃত নৈর্ব্যক্তিক অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. 'আসত্তি' শব্দের অর্থ কী?**
ক অনুরাগ খ নৈকট্য
গ আকাঙ্ক্ষা ঘ যোগ্যতা

**২. চেতন শব্দের বিপরীত অর্থ প্রকাশ করেছে কোনটি?**
ক সচেতন খ অসচেতন
গ অবচেতন ঘ অচেতন

**৩. আইন শব্দের প্রতিশব্দ নয় কোনটি?**
ক আইনকানুন খ কানুন
গ নিয়ম ঘ বিধান

**৪. 'ঠোঁট কাটা' বাগ্‌ধারাটি কোন অর্থে ব্যবহৃত হয়?**
ক উচিত কথা খ বেহায়া গ বেশরম ঘ সত্যবাদী

**৫. 'মৃগ' শব্দের দ্বারা শুধু হরিণ বোঝালে এর অর্থের কী ধরনের পরিবর্তন হয়?**
ক অর্থ প্রসার খ অর্থ বদল
গ অর্থ সংকোচন ঘ অর্থের উন্নতি

**৬. লেখার সময়ে কোনো কথা অব্যক্ত রাখতে চাইলে কোন বিরামচিহ্ন ব্যবহার করা হয়?**
ক বিন্দু খ ত্রিবিন্দু গ কোলন ঘ হাইফেন

**৭. পরোক্ষ উক্তিতে কী অনুযায়ী ক্রিয়া রূপের পরিবর্তন হয়?**
ক কর্তা খ কর্ম
গ ভাব ঘ কাল

**৮. প্রকাশভঙ্গির ভিন্নতা অনুযায়ী বাচ্য কয় প্রকার?**
ক দুই খ তিন
গ চার ঘ পাঁচ

**৯. '<u>ফুলের</u> গন্ধে ঘুম আসে না।' নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?**
ক অপাদানে ষষ্ঠী খ কর্মে ষষ্ঠী
গ করণে ষষ্ঠী ঘ সম্বন্ধে ষষ্ঠী

**১০. বাক্যের বিধেয় অংশের ক্রিয়া সাধারণত কী হয়?**
ক বিশেষ্যবর্গ খ বিশেষণবর্গ
গ ক্রিয়াবর্গ ঘ ক্রিয়া বিশেষণবর্গ

**১১. গঠনানুসারে বাক্য কয় প্রকার?**
ক দুই খ তিন গ চার ঘ পাঁচ

**১২. কোন কালে অনুজ্ঞা হয় না?**
ক বর্তমান খ ঘটমান বর্তমান
গ অতীত ঘ ভবিষ্যৎ

**১৩. কর ধাতুর বর্তমান অনুজ্ঞার উত্তম পুরুষের ক্রিয়ার রূপ কোনটি?**
ক করি খ করছি গ করেছি ঘ নাই

**১৪. বাক্যে গৌণ কর্মের সঙ্গে সাধারণত কোন বিভক্তি বসে?**
ক কে খ তে
গ এ ঘ র

**১৫. সংখ্যা নিয়ে বাংলা ব্যাকরণের কোন অধ্যায়ে আলোচনা হয়?**
ক লিঙ্গ খ সমাস
গ কারক ঘ বচন

**১৬. কোন নির্দেশক দিয়ে কোনো কিছুর সামান্য অংশ বা অল্প পরিমাণ বোঝায়?**
ক টুকু খ টুক
গ টু ঘ সবগুলো

**১৭. কোন অব্যয় শব্দগুলো শব্দের পরে স্বাধীনভাবে ব্যবহৃত হয়?**
ক বিভক্তি খ প্রত্যয়
গ আবেগ ঘ নির্দেশক

**১৮. কোনটি বিরোধ যোজক?**
ক কিন্তু খ তাই গ ও ঘ বা

**১৯. কোনটি সাধারণ অনুসর্গ নয়?**
ক জন্য খ থেকে
গ দ্বারা ঘ কাছে

**২০. কি, যে, বা, না, তো প্রভৃতি কোন ধরনের ক্রিয়া বিশেষণ?**
ক পদাণু খ কালবাচক
গ স্থানবাচক ঘ নেতিবাচক

**২১. কোনটি যৌগিক ক্রিয়া নয়?**
ক বেঁধে দেওয়া খ বলে ফেলা
গ উঁকি মারা ঘ হেসে ওঠা

**২২. নির্দিষ্টতাবাচক বিশেষণ কোনটি?**
ক সেই সময় খ তৃতীয় প্রজন্ম
গ নীল আকাশ ঘ আট দিন

**২৩. সাপেক্ষ সর্বনামের উদাহরণ কোনটি?**
ক অন্য খ যে-সে গ এ ঘ পরস্পর

**২৪. ক্রিয়াবাচক বিশেষ্যের উদাহরণ কোনটি?**
ক আনন্দ খ মিছিল
গ ফুল ঘ ভোজন

**২৫. বিভিন্ন বিবেচনায় বাংলা শব্দকে কয় ভাগে ভাগ করা যায়?**
ক দুই খ তিন গ চার ঘ পাঁচ

**২৬. সোয়া, দেড়, আড়াই, তেহাই–এগুলো কোন ধরনের পূরণবাচক শব্দ?**
ক সাধারণ খ তারিখ
গ ভগ্নাংশ ঘ ক্রমবাচক

**২৭. নিত্য নারীবাচক শব্দ কোনটি?**
ক সতিন খ মা
গ শ্রীমতী ঘ কাঙালিনি

**২৮. নিপাতনে সিদ্ধ ব্যঞ্জনসন্ধি নয় কোনটি?**
ক গোস্পদ খ একাদশ
গ বৃহস্পতি ঘ গবাক্ষ

**২৯. অলুক তৎপুরুষ সমাসের উদাহরণ কোনটি?**
ক গোরুর গাড়ি খ রাজপথ
গ ধানখেত ঘ গোলাভরা

**৩০. নিজের কোনো অর্থ নেই অথচ, নতুন নতুন অর্থবোধক শব্দ তৈরিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে কোনটি?**
ক প্রত্যয় খ অনুসর্গ
গ উপসর্গ ঘ বিভক্তি

■ খালি ঘরগুলোতে পেনসিল দিয়ে উত্তরগুলো লেখো। এরপর প্রদত্ত উত্তরমালার সাথে মিলিয়ে দেখো তোমার উত্তরগুলো সঠিক কি না।

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | | ২ | | ৩ | | ৪ | | ৫ | | ৬ | | ৭ | | ৮ | | ৯ | | ১০ | | ১১ | | ১২ | | ১৩ | | ১৪ | | ১৫ | |
| | ১৬ | | ১৭ | | ১৮ | | ১৯ | | ২০ | | ২১ | | ২২ | | ২৩ | | ২৪ | | ২৫ | | ২৬ | | ২৭ | | ২৮ | | ২৯ | | ৩০ | |

# বরিশাল জিলা স্কুল

## বাংলা দ্বিতীয় পত্র : রচনামূলক প্রশ্ন

বিষয় কোড : 1 0 2

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট — পূর্ণমান : ৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশে উল্লেখিত সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। উত্তর প্রাসঙ্গিক হওয়া বাঞ্ছনীয়। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

১। যে-কোনো একটি বিষয়ে অনুচ্ছেদ লেখো : ১০

(ক) বৈশাখী মেলা

(খ) পদ্মা নদী

২। (ক) মনে করো, তুমি সজল। একটি ঐতিহাসিক স্থান ভ্রমণের অভিজ্ঞতা জানিয়ে তোমার ঢাকার বন্ধু রাসেলকে একটি পত্র লেখো। ১০

অথবা,

(খ) মনে করো, তুমি ফরিদ, বরিশাল সদর উপজেলার চরকাউয়া ইউনিয়নের বাসিন্দা। সড়ক দুর্ঘটনার প্রতিকার জানিয়ে পত্রিকায় প্রকাশ উপযোগী একটি চিঠি লেখো।

৩। (ক) সারাংশ লেখো : ১০

মাতৃস্নেহের তুলনা নাই; কিন্তু অতি স্নেহ অনেক সময় অমঙ্গল আনয়ন করে। যে স্নেহের উত্তাপে সন্তানের পরিপুষ্টি, তাহারই আধিক্যে সে অসহায় হইয়া পড়ে। মাতৃস্নেহের মমতার প্রাবল্যে মানুষ আপনাকে হারাইয়া আসল শক্তির মর্যাদা বুঝিতে পারে না। নিয়ত মাতৃস্নেহের অন্তরালে অবস্থান করিয়া আত্মশক্তির সন্ধান সে পায় না– দুর্বল, অসহায় পক্ষি-শাবকের মতো চিরদিন স্নেহাতিশয্যে আপনাকে সে একান্ত নির্ভরশীল মনে করে। ক্রমে জননীর পরম সম্পদ সন্তান অলস, ভীরু, দুর্বল ও পরনির্ভরশীল হইয়া মনুষ্যত্ব বিকাশের পথ হইতে দূরে সরিয়া যায়। অন্ধ মাতৃস্নেহ সে কথা বোঝে না– দুর্বলের প্রতি সে স্থিরলক্ষ্য, অসহায় সন্তানের প্রতি মমতার অন্ত নাই– অলসকে সে প্রাণপাত করিয়া সেবা করে– ভীরুতার দুর্দশার কল্পনা করিয়া বিপদের আক্রমণ হইতে ভীরুকে রক্ষা করিতে ব্যস্ত হয়।

অথবা,

(খ) সারমর্ম লেখো :

নিখিলের এত শোভা, এত রূপ, এত হাসি-গান,
ছাড়িয়া মরিতে মোর কভু নাহি চাহে মন-প্রাণ।
এ বিশ্বের সব আমি প্রাণ দিয়ে বাসিয়াছি ভালো–
আকাশ-বাতাস-জল, রবি-শশী, তারকার আলো।
সকলেরই সাথে মোর হয়ে গেছে বহু জানা-শোনা,
কত কি-যে মাখামাখি, কত কি-যে মায়া-মন্ত্র বোনা।
বাতাস আমারে ঘিরে খেলা করে মোর চারিপাশ,
অনন্তের কত কথা কহে নিতি নীলিমা আকাশ।
চাঁদের মধুর হাসি, বিশ্বমুখে পুলক চুম্বন,
মিটিমিটি চেয়ে থাকা তারকার করুণ নয়ন,
বসন্ত নিদাঘ-শোভা, বিকশিত কুসুমের হাসি,
দিকে দিকে শুধু গান, শুধু প্রেম-ভালোবাসাবাসি।

৪। যে-কোনো একটি ভাব-সম্প্রসারণ করো : ১০

(ক) দুর্জন বিদ্বান হইলেও পরিত্যাজ্য।

অথবা,

(খ) যে নদী হারায়ে স্রোত চলিতে না পারে
সহস্র শৈবালদাম বাঁধে আসি তারে;
যে জাতি জীবনহারা অচল অসাড়
পদে পদে বাঁধে তারে জীর্ণ লোকাচার।

৫। (ক) মনে করো, তুমি নাহিদ, পটুয়াখালী সরকারি জুবিলী উচ্চ বিদ্যালয়ের ছাত্র। তোমার বিদ্যালয়ে 'শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস' উদ্‌যাপন সম্পর্কে একটি সংবাদ প্রতিবেদন রচনা করো। ১০

অথবা,

(খ) মনে করো, তুমি রাহাত, একটি জাতীয় দৈনিকের ভোলার প্রতিনিধি। বৃক্ষরোপণবিষয়ক একটি সংবাদ প্রতিবেদন লেখো।

৬। যে-কোনো একটি বিষয়ে প্রবন্ধ রচনা করো : ২০

(ক) বাংলাদেশের উৎসব

(খ) কৃষিকাজে বিজ্ঞান

(গ) মাদকাসক্তি ও এর প্রতিকার।

# উত্তরমালা

## ■ মডেল টেস্ট-০১ : রাজউক উত্তরা মডেল কলেজ, ঢাকা

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | খ | ২ | গ | ৩ | ক | ৪ | গ | ৫ | ঘ | ৬ | খ | ৭ | গ | ৮ | ঘ | ৯ | ক | ১০ | ঘ | ১১ | খ | ১২ | গ | ১৩ | ক | ১৪ | গ | ১৫ | খ |
| | ১৬ | গ | ১৭ | ঘ | ১৮ | গ | ১৯ | খ | ২০ | ক | ২১ | গ | ২২ | ঘ | ২৩ | খ | ২৪ | ঘ | ২৫ | গ | ২৬ | ক | ২৭ | খ | ২৮ | গ | ২৯ | খ | ৩০ | গ |

## ■ মডেল টেস্ট-০২ : রাজশাহী ক্যাডেট কলেজ

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | ক | ২ | ঘ | ৩ | ক | ৪ | গ | ৫ | গ | ৬ | গ | ৭ | ঘ | ৮ | গ | ৯ | গ | ১০ | ক | ১১ | ক | ১২ | খ | ১৩ | গ | ১৪ | ঘ | ১৫ | ক |
| | ১৬ | গ | ১৭ | খ | ১৮ | গ | ১৯ | ঘ | ২০ | ক | ২১ | গ | ২২ | গ | ২৩ | খ | ২৪ | ক | ২৫ | ক | ২৬ | ঘ | ২৭ | গ | ২৮ | খ | ২৯ | ক | ৩০ | ঘ |

## ■ মডেল টেস্ট-০৩ : মির্জাপুর ক্যাডেট কলেজ, টাঙ্গাইল

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | ঘ | ২ | গ | ৩ | ক | ৪ | গ | ৫ | ক | ৬ | গ | ৭ | ঘ | ৮ | খ | ৯ | ঘ | ১০ | ক | ১১ | ঘ | ১২ | গ | ১৩ | ক | ১৪ | ঘ | ১৫ | গ |
| | ১৬ | ক | ১৭ | গ | ১৮ | ক | ১৯ | খ | ২০ | ঘ | ২১ | * | ২২ | গ | ২৩ | ঘ | ২৪ | ক | ২৫ | গ | ২৬ | ঘ | ২৭ | ক | ২৮ | গ | ২৯ | ঘ | ৩০ | গ |

## ■ মডেল টেস্ট-০৪ : ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ, ঢাকা

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | ঘ | ২ | ক | ৩ | ক | ৪ | ক | ৫ | খ | ৬ | ঘ | ৭ | খ | ৮ | গ | ৯ | ক | ১০ | ঘ | ১১ | গ | ১২ | ঘ | ১৩ | ক | ১৪ | গ | ১৫ | * |
| | ১৬ | ক | ১৭ | খ | ১৮ | গ | ১৯ | খ | ২০ | ক | ২১ | গ | ২২ | ক | ২৩ | ঘ | ২৪ | গ | ২৫ | খ | ২৬ | খ | ২৭ | গ | ২৮ | ক | ২৯ | খ | ৩০ | ঘ |

## ■ মডেল টেস্ট-০৫ : হলি ক্রস উচ্চ বালিকা বিদ্যালয়, ঢাকা

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | খ | ২ | ক | ৩ | খ | ৪ | ঘ | ৫ | ক | ৬ | গ | ৭ | ঘ | ৮ | গ | ৯ | গ | ১০ | ক | ১১ | খ | ১২ | ঘ | ১৩ | খ | ১৪ | ক | ১৫ | খ |
| | ১৬ | গ | ১৭ | খ | ১৮ | ক | ১৯ | ঘ | ২০ | খ | ২১ | খ | ২২ | গ | ২৩ | ঘ | ২৪ | খ | ২৫ | ক | ২৬ | গ | ২৭ | ঘ | ২৮ | খ | ২৯ | ক | ৩০ | গ |

## ■ মডেল টেস্ট-০৬ : গভ. ল্যাবরেটরি হাই স্কুল, ঢাকা

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | ঘ | ২ | ঘ | ৩ | খ | ৪ | গ | ৫ | গ | ৬ | খ | ৭ | খ | ৮ | ক | ৯ | ঘ | ১০ | ঘ | ১১ | ঘ | ১২ | গ | ১৩ | খ | ১৪ | ক | ১৫ | ক |
| | ১৬ | খ | ১৭ | গ | ১৮ | ঘ | ১৯ | খ | ২০ | ক | ২১ | গ | ২২ | খ | ২৩ | ক | ২৪ | ঘ | ২৫ | ক | ২৬ | গ | ২৭ | গ | ২৮ | ঘ | ২৯ | গ | ৩০ | ক |

## ■ মডেল টেস্ট-০৭ : উত্তরা হাই স্কুল এন্ড কলেজ, ঢাকা

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | ঘ | ২ | ক | ৩ | খ | ৪ | গ | ৫ | ঘ | ৬ | ঘ | ৭ | খ | ৮ | খ | ৯ | গ | ১০ | ক | ১১ | ঘ | ১২ | ঘ | ১৩ | খ | ১৪ | ক | ১৫ | ক |
| | ১৬ | ঘ | ১৭ | গ | ১৮ | গ | ১৯ | খ | ২০ | ক | ২১ | ঘ | ২২ | ক | ২৩ | ঘ | ২৪ | খ | ২৫ | খ | ২৬ | গ | ২৭ | গ | ২৮ | ক | ২৯ | ক | ৩০ | গ |

## ■ মডেল টেস্ট-০৮ : গভ. ল্যাবরেটরি হাই স্কুল, রাজশাহী

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | গ | ২ | ঘ | ৩ | খ | ৪ | গ | ৫ | ক | ৬ | খ | ৭ | খ | ৮ | খ | ৯ | খ | ১০ | ক | ১১ | ক | ১২ | ঘ | ১৩ | ক | ১৪ | খ | ১৫ | গ |
| | ১৬ | খ | ১৭ | গ | ১৮ | ক | ১৯ | ঘ | ২০ | ক | ২১ | গ | ২২ | ক | ২৩ | ক | ২৪ | খ | ২৫ | গ | ২৬ | খ | ২৭ | ক | ২৮ | ক | ২৯ | খ | ৩০ | ক |

## ■ মডেল টেস্ট-০৯ : বিএএফ শাহীন কলেজ, চট্টগ্রাম

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | খ | ২ | ঘ | ৩ | গ | ৪ | খ | ৫ | গ | ৬ | ঘ | ৭ | ক | ৮ | খ | ৯ | গ | ১০ | ক | ১১ | গ | ১২ | গ | ১৩ | ঘ | ১৪ | ক | ১৫ | ঘ |
| | ১৬ | গ | ১৭ | ক | ১৮ | ঘ | ১৯ | * | ২০ | খ | ২১ | গ | ২২ | ক | ২৩ | গ | ২৪ | খ | ২৫ | খ | ২৬ | খ | ২৭ | গ | ২৮ | খ | ২৯ | খ | ৩০ | গ |

## ■ মডেল টেস্ট-১০ : সিলেট সরকারি পাইলট উচ্চ বিদ্যালয়

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | খ | ২ | ঘ | ৩ | ক | ৪ | খ | ৫ | গ | ৬ | খ | ৭ | ক | ৮ | খ | ৯ | ঘ | ১০ | গ | ১১ | খ | ১২ | গ | ১৩ | ঘ | ১৪ | ক | ১৫ | ঘ |
| | ১৬ | ঘ | ১৭ | গ | ১৮ | ক | ১৯ | খ | ২০ | ক | ২১ | গ | ২২ | ক | ২৩ | খ | ২৪ | ঘ | ২৫ | খ | ২৬ | গ | ২৭ | ক | ২৮ | ঘ | ২৯ | ক | ৩০ | গ |